কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বর্ষ ৪৩ সংখ্যা ৬ কলকাতা বুধবার, ৩১ অগস্ট ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৪ ভাদ্র ১৪২৯ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

BHARATI EDUCATION CENTRE
কোচিং ও নোটস সহ ভর্তি চলছে
NIOS
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক
বাংলা ও ইংরেজী মাধ্যম
98313 71548 / 91632 82856

## আর্মির স্কুলে কয়েক হাজার শিক্ষক-শিক্ষিকা

দেশের ১৩৬টি আর্মি পাবলিক স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা অনলাইন স্ক্রিনিং টেস্ট নেওয়া হবে ৫ ও ৬ নভেম্বর। এই পরীক্ষায় বসার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ৫ অক্টোবর পর্যন্ত। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

এই পরীক্ষায় সফল হলে দেশের সমস্ত সেনাবাহিনী-পরিচালিত স্কুলে শিক্ষকতার যোগ্যতা অর্জন করা যাবে। তবে কোনও ক্ষেত্রেই এই পরীক্ষায় সফল হলেই নিয়োগ পাবেন না। বিভিন্ন স্কুল তাদের প্রয়োজনমতো প্রাইমারি টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার এবং পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার নিয়োগের বিজ্ঞাপন দিলে এই যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন। এই পরীক্ষার সার্টিফিকেট রেজাল্ট ঘোষণার পর থেকে ৩ বছর পর্যন্ত বৈধ থাকবে। উল্লেখ্য, প্রাইমারি ও ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে কেন্দ্র বা রাজ্য

### অনলাইন স্ক্রিনিং টেস্ট ৫ ও ৬ নভেম্বর

সরকার দ্বারা পরিচালিত টিচার এলিজিবিলিটি টেস্ট (টেট) পাশ না করে থাকলেও এই পরীক্ষায় বসার জন্য আবেদন করা যাবে।

পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার (পি জি টি) নিয়োগ করা হবে এই সব বিষয়ে: ইংরেজি, হিন্দি, ইতিহাস, ভূগোল, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স, সাইকোলজি, ম্যাথমেটিক্স, ফাইন আর্টস, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, বায়োটেকনোলজি, অ্যাকাউন্টেন্সি, বিজনেস স্টাডিজ, কম্পিউটার সায়েন্স, ইনফমেটিক্স, ফিজিক্যাল এডুকেশন।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি) নিয়োগ করা হবে এই সব বিষয়ে: সংস্কৃত, ইংরেজি, হিন্দি, সোশ্যাল সায়েন্স, সায়েন্স, ম্যাথমেটিক্স, কম্পিউটার সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন।

**পরীক্ষায় বসার জন্য শিক্ষাগত যোগ্যতা: প্রাইমারি টিচার (পি আর টি)**: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সংশ্লিষ্ট বিষয়েও ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। সেইসঙ্গে ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড) অথবা ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন। এর পাশাপাশি সি-টেট বা টেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইংরেজি মাধ্যমে পড়ানোর দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের ব্যবহার জানা থাকলে অগ্রাধিকার।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি)**: সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদের

এরপর ছয়ের পাতায়

## ডি আর ডি ও-য় ১৯০১

### টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ও টেকনিশিয়ান

সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-বি ও টেকনিশিয়ান-এ পদে ১,৯০১ জনকে নেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি আর ডি ও)। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে যথাক্রমে গ্রুপ 'বি' ও 'সি' ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CEPTAM-10/DRTC.

বিষয় অনুসারে শূন্যপদের বিবরণ: **সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-বি**: পোস্ট কোড ০১০১: এগ্রিকালচার: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচার বা এগ্রিকালচারাল সায়েন্সে বি এসসি।

পোস্ট কোড ০১০২: অটোমোবাইল: ১৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৬, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: অটোমোবাইল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে (অটোমোবাইল) ডিপ্লোমা।

পোস্ট কোড ০১০৩: বটানি: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: বটানিতে বি এসসি। জুলজি, বটানি এবং কেমিস্ট্রি-সহ বি এসসি পাশ

এরপর নয়ের পাতায়

## হাওড়ায় ১৯১ আশাকর্মী

১৯১ জন আশা (অ্যাক্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) কর্মী নেবে হাওড়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে জেলার সদর এবং উলুবেড়িয়া মহকুমার অন্তর্ভুক্ত ব্লকে। শুধু বিবাহিত, আইনগত ভাবে বিবাহবিচ্ছিন্ন এবং বিধবা মহিলারাই দরখাস্ত করতে পারবেন। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি

এরপর ছয়ের পাতায়

## আর্মিতে উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করবেন। ১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪৮তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২৩-এর জানুয়ারিতে।

**মোট শূন্যপদ**: ৯০টি। **শিক্ষাগত যোগ্যতা**: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। সেই সঙ্গে জে ই ই (মেনস) ২০২২ পরীক্ষা দিয়ে থাকতে হবে।

**দৈহিক মাপজোক**: উচ্চতা ১৫৭ সেমি। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। বুকের ছাতি ৫ সেমি ফুলিয়ে অন্তত ৮১ সেমি হওয়া চাই।

**দৃষ্টিশক্তি**: দূরের ক্ষেত্রে চশমা-সহ ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯। মায়োপিয়া (অস্টিগম্যাটিজম-

এরপর ছয়ের পাতায়

## আর্মিতে ৪২০ ডাক্তার

৪২০ জন ডাক্তার নেবে ভারতীয় সেনাবাহিনী। শর্ট সার্ভিস কমিশনে আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসে নিয়োগ হবে। ইন্টারভিউ হবে দিল্লি ক্যান্টনমেন্টে, ২৭ সেপ্টেম্বর থেকে।

**মোট শূন্যপদ** ৪২০টি (পুরুষ ৩৭৮, মহিলা ৪২)।

**শিক্ষাগত যোগ্যতা**: এম বি বি এস। বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। সেই সঙ্গে রাজ্য বা জাতীয় মেডিক্যাল কাউন্সিলে স্থায়ী ভাবে নাম নথিভুক্ত থাকতে হবে। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। ৩১-৮-২০২২ তারিখের মধ্যে বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে।

**বয়স**: ৩১-১২-২০২২ তারিখে এম বি বি এস ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩০ বছর এবং স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

ক্যাপ্টেন র‍্যাঙ্কে নিয়োগ হবে। মেজর র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

**বেতন**: ৬১,৩০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা

এরপর ছয়ের পাতায়

## এয়ার ইন্ডিয়ায় মহিলা কেবিন ক্রু

কিছু কেবিন ক্রু নেবে এয়ার ইন্ডিয়া। শুধু মহিলারা আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ আয়োজিত হবে ২ সেপ্টেম্বর, লখনউয়ে।

**যোগ্যতা**: অন্তত উচ্চমাধ্যমিক পাশ মহিলারা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। উচ্চশিক্ষিতরাও উচ্চমাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর

এরপর তিনের পাতায়

## উপার্জনের দিশা দেখাচ্ছে মাশরুম

**সুস্বাদু, স্বাস্থ্যকর ও ঔষধিগুণ থাকায় খাওয়া ও ওষুধ তৈরির জন্য মাশরুম চাষের চাহিদা ক্রমশ বাড়ছে। চাহিদা বাড়ছে মাশরুমের তৈরি প্যাকেটজাত খাদ্যের। ভারতে এখনও মাশরুম চাষের তেমন প্রসার ঘটেনি বলে মাশরুম চাষ ও ব্যবসা অত্যন্ত লাভজনক। মাশরুম নিজে চাষ করে বা হোলসেলে কিনে বিক্রি করে উপার্জন করতে পারেন।**

**নিজস্ব প্রতিনিধি**: অন্যান্য শাকসবজি ও ফলের তুলনায় মাশরুমে দ্বিগুণের বেশি প্রোটিন থাকায় বর্তমানে সারা পৃথিবীতে মাশরুম দিয়ে তৈরি খাবার অত্যন্ত জনপ্রিয়। মাশরুম কেবল পুষ্টিকর নয়, সুস্বাদুও। তবে এ দেশে এখনও মাশরুম চাষের বিশেষ প্রসার ঘটেনি। যদিও বাজারে চাহিদা আছে। সে জন্যই মাশরুম চাষ ও মাশরুমের ব্যবসা অত্যন্ত লাভজনক।



মাশরুম চাষের জন্য আবাদি জমির প্রয়োজন হয় না। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা ঘরে বসেই মাশরুম চাষ করতে পারেন। অন্যান্য সবজির তুলনায় বাজারে এর দাম অনেক বেশি পাওয়া যায়। অভ্যন্তরীণ বাজার ছাড়াও বিদেশেও রফতানির সুযোগ আছে।

গ্রীষ্মকালে যে-কোনও চালা ঘরের নীচে এবং বারান্দায় একটু জায়গা করে নিয়ে চাষ করা যায় মাশরুম। বর্ষাকালে জল প্রবেশ করে না অথচ বাতাস

এরপর পনেরোর পাতায়



# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Wanted Female Front Office** Executive with knowledge in Computer, fluency in Bengali, Hindi and English. Freshers can apply. Mail your resume at- hr.royandroy@gmail.com

□

**এয়ারপোর্ট সংলগ্ন ঔষধের দোকানের** জন্য অভিজ্ঞ সেলসম্যান চাই। ফোনে যোগাযোগ করুন। 96749-03085/ 80173-01344.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট যাত্রীদের** খাবার প্যাকিং-এর জন্য ও অফিসিয়াল পদে কর্মী নিয়োগ চলছে। বেতন- 17460-36900. এক্স আর্মীদের ছাড় আছে। M. 89027-44384.

□

**এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ও** Bank DSA-তে বিভিন্ন পদে male/ female কর্মী চাই। বেতন 17500- 52600 + থাকা খাওয়া Ex আর্মিদের বিশেষ সুবিধা আছে। M. 75968- 31900.

□

**জরুরীকালীন বিজ্ঞপ্তি মিটার রিডিং ও** ব্যাংক অফিস কাজের জন্য কর্মী চাই। লেবার সুপারভাইজার প্রয়োজন। বেতন- 16356-26370 + PF + ESI. 87681- 36897.

□

**এয়ারপোর্টে কন্ট্রাক্টারের অধীনে ও** ব্যাঙ্ক DSA-তে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম-স্নাতক বেতন- 12500-42600 Ex আর্মীদের বিশেষ সুবিধা আছে। M. 84365-20472.

□

**A reputed publication house** requires English, History, Pol. Sc., Physics, Chemistry, Maths, Biology Hons/Post graduate faculty for editing & content development for board different competitive exams. Send your CV to parul.testprep@gmail.com

□

**Reputed MNC CO Manager Job** VRS/RETD/House-wife/Fresher age 22-62. Earn upto 45K+PF+ Medical. Full/Part time desk job. Call 87777-53308.

□

**ব্যারাকপুর অফিসে 25 জন মহিলা** পুরুষ কর্মী নিয়োগ। HS/BA+, Age 20-65, আয়-30K+, Retd. Ex- Banker/Army, রেল, ব্যবসায়ী, গৃহবধূ অগ্রগণ্য 86979-24483.

□

**MNC আশীর্বাদ পেপসি অন্নপূর্ণা ডাবর** এ সুপারভাইজার পিওন রিশেপসনিস্ট ব্যাঙ্ক অফিস পদে ৪৫ জন male/ female চাই। বেতন 13k-45k 70446- 88993.

□

**Pvt ব্রিটানিয়া আমুল আশীর্বাদ** কোলগেট বিস্কফার্ম ইমামি DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 35জন চাই। ESI PF OT বেতন 13k-40k 89614-99989.

□

**Retd-Rail/Sail/Banker/গভঃ/Pvt/** VRS/ব্যবসায়ী/গৃহবধূ চাই ভারতের বৃহত্তম Co.-র Kol পার্ট/ফুল টাইম কাজ 25-70yr আয় 4-6Lac/pa+PF+ESI 97489-80649.

□

**Reqd. Grad. candidates for Kol** base Co. 1) Mktg. Persons expd. 3-10 yrs. in College, Hospital & Industries. Salary 15-25k. 2) Back office Exe. with knowledge of tender documentation with basic of internet, expd. 5-15 yrs., salary 15-20k. koljob20@gmail.com

□

### কর্মখালি

**Banking Grp Retd/VRS/House-** wife/ Businessman/ SMB in Managerial Position Age 25-65 Edu HS/12 Class pass Salary+ PF+Inc. WFH 96748-38090.

□

**কলকাতার বিখ্যাত MNC-তে গড়া-** Retd/VRS-দের অফিসিয়াল Admin জব Fixed Salary 35-45K+Other Benefits First in Kolkata 98364- 23822/91634-83170.

□

**ঘরে বসে লিখে আয়, নো টার্গেটে স্পট** পেমেন্ট একা/দুজনে বই কপি ফর্ম ফিলাপ করে সপ্তাহে 7000/- আয়। বাইপোস্টে কাজ পাবেন। 82760- 07237/91633-97166.

□

**হোটেল কর্মচারী ও অফিস পিওন-** আলীপুরে অবস্থিত নামী হোটেলের জন্য ৩-৫ বছরের কাজ জানা রুম সার্ভিস বয় ও অফিস পিওন আবশ্যক- info@ eofol.com

□

**নিজ জেলায় বন্ধন ব্যাঙ্ক (DSA)-তে** কর্মী নিয়োগ। যোগ্যতা অষ্টম - স্নাতক, বেতন 14500/- - 58500/-. Ex- আর্মীদের জন্য বিশেষ ছাড় আছে। M: 74391-77398.

□

**সর্বভারতীয় Banking Group-এ উচ্চ** পদে কলকাতা অফিসে পার্ট টাইম কাজে উচ্চ আয়, বিদেশ ভ্রমণ, পুরুষ/মহিলা বয়স: 35-65, HS+ M: 8910555877 (ExBanker).

□

**কলিকাতা ও বাগডোগরা এয়ারপোর্ট** যাত্রীদের খাবার প্যাকিং, অফিসিয়াল ও এয়ারপোর্টের সম্পত্তি সুরক্ষার জন্য কর্মী চাই। বেতন 17284 - 32756 + PF, ESI. M: 86950-68946.

□

**Reputed Co. G.C. Avenue-তে** Counter Sale-এ অভিজ্ঞ Motor, Pump & Spare বিক্রীর জন্য সত্বর কর্মী প্রয়োজন। Salary depend upon expd. 98301-35666.

□

**কলকাতার অফিসে Aditya Group-এ** Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা বয়স: 21-58, Graduate নিয়োগ। Fixed 25K Salary+Medical+PF. Ph. 90642-69437.

□

**SBI ব্যাঙ্কে ও বিভিন্ন Pvt Co.তে** অফিসিয়াল পদে স্মার্ট বাংলা ভাষী শীঘ্রই চাই। বেতন 13257+PF+ESI গড়িয়া- 82829-16972 হাওড়া-70449-16924 কেস্টপুর-89813-31204.

□

**টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/** মহিলা ঘরে বসে রোজগার 18000- 45000/- মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/WApp/SMS 91633-88161, 91633-88194

□

**হাসি মুখে আসুন আমাদের সাথে বসুন।** বাড়িতে বসেই অবসরকালীন সময়ে এক দু'ঘন্টা কাজ করে ভালো আয় করুন সঙ্গে বিদেশভ্রমণ এবং আনন্দে থাকুন 90389-78983.

□

**চাউমিন, কেক, চানাচুর বিক্রির জন্য** অভিজ্ঞ সেলসম্যান চাই সমস্ত পশ্চিমবঙ্গের জন্য। M: 85840-18089/ 85840-18090/85840-18093 markseven2017@gmail.com

□

**A Reputed Indian Co urgently** reqs Retd/VRS/Housewives Part/ Full Time for Managerial Post@ Kol Office. Age 25-65 Min HS M- 94770-15006.

□

**Graduate Female age under 35** year for Back Office, Fresher also Mobile No. 98310-87965/ 62908- 18308.

□

### কর্মখালি

**A Reputed MNC reqd Mngr with** High Income 30Kpm+Others Retd/VRS (Bank/Rail/Sail/Army/ BSNL) welcome 25-75yr, HS+. A. Basu-90076-88515.

□

**অবসরপ্রাপ্ত গভঃ/ Pvt/ গৃহবধূ/** ব্যবসায়ী/ কর্মপ্রার্থীদের 25-75 Part Time কাজের সুযোগ ভারতে বৃহত্তম Co Kol অফিসে বার্ষিক আয় 4-6 Lac+ PF+ESI+Tour 93305-42821.

□

**কলকাতা ব্রাঞ্চে, No 1 Brand Co-তে** Manager পদে Only Female H'wife 22-45, HS+ চাই Time 12-4 pm Fixed Pay 10K+No Sales Target 90072-90753/87592-47100.

□

**Walk In Interview Reputed Co** with Good Payout For Kolkata Branch Retd/ House Wife/ Businessman/Ex Army Age 25-75 Apply. 94324-55910.

□

**Real Estate Company-তে** মার্কেটিং-র কাজে ২-৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন লোক দরকার। দঃ কলকাতা নিবাসীর অগ্রাধিকার। M. 98304-08208.

□

## Editor চাই

**Bengali, Physics, Chemistry, Mathematics, History, Education, Sanskrit, Political Science ও Computer Science Application-এ Honours Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets rayand martineditor@gmail.com-এ email করুন। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল- 9. কলেজ স্ট্রিট কলেজ স্কোয়ারের কাছে।**

□

**Exp. DTP Operator- Corel Draw** & Photoshop, Tally Operator for accounting purpose And Office Assistant. 98300-99780/79805- 99500.

□

**Required experienced Office** Assistant Female (Graduate/DEE) for Periclave. Age below 35. 033- 4044-8716/98315-43224 ghosh. kartik2@gmail.com

□

**Attractive Salary Urgent reqd.** min 1yr expd 8 male sales exec for WB Suburb 2 female Telecaller. Resi near Kol prefer 93310-21394.

□

**24 ঘন্টা থেকে একজন বয়স্ক মানুষকে** দেখাশুনা ও রান্না করার জন্য কর্মঠ অনুর্দ্ধ ৪৫ বসরের মধ্যে মহিলা চাই। 97483-56456/81004-36008.

□

**Reputed Company required** Male/Female Retd/H'wife/Ex- Banker (Age 30-65) for Supervisor Position Fixed Salary+Incentives 91262-96804.

□

**Urgent! Indian Banking Grp** hiring Mngr, Assoc, Retd/ H'wife/Professional/Consultant/ Businessman 25 apply Fixed Salary+PF 81003-13163.

□

**Monorama Dairy Foods Pvt Ltd** at Bhadreswar required expd. 1) Accountant (knowledge with Tally & GST) 2) Office Assistant. Salary Negotiable. Bhadreswar, Bighati, Hooghly. 84200-50514/ mdf_ naturepick@yahoo.com

□

**Required GST cum accountant** & back office job (Female). Chaurasia Travels. Contact- Email Id. cttravels2001@gmail.com Ph- 033-4005-6361.

□

### কর্মখালি

**মহিলাদের জন্য বিনামূল্যে গৃহকর্মের** কাজ। পদ: রাঁধুনি, মেড ও আয়া। থাকা ও খাওয়া বিনামূল্যে। বেতন-12000 থেকে 20000 পর্যন্ত। যোগাযোগ 96312-20666/72506-37111.

□

**বিউটি মেকওভার প্রমোশন কাজ জানা** ৩০ অনুর্দ্ধ ইনশপে সপ্রতিভ মেয়ে সত্বর চাই। M- 90621-01909.

□

**Reputed Company Looking for** VRS/Retd/Housewife/Consultant HS+ (25-65) for Supervisor post in Kol. Call HR Ms Dasgupta-98300- 40748.

□

**ক্রেডিট কার্ড সেলসে (ব্রাঞ্চ/ফিল্ড** এক্সিকিউটিভ/টেলিকলার) সারা কলকাতায় প্রচুর ছেলে/মেয়ে (18-30) নিয়োগ। HS/Grad. বেতন - ১০০০০- ১৫০০০+PF+ESI+CIncentive. Ph- 96744-61601/84799-67327.

□

**চাকরি কলিকাতার নামী Housing** Complex-এ (Topsia) licence প্রাপ্ত Electrician প্রয়োজন। Bio-data সহ যোগাযোগ করুন এই নম্বরে 91431- 82355.

□

**Wanted Office/General Assistant.** Apply with photo & minimum expectation (both mandatory) to advtre@gmail.com

□

**Advocate for assistance in** drafting writ petitions, research & appearance before High Courts in Direct & Indirect Taxation. shraff@ gmail.com

□

**An established Pharma Co.** requires Full/Part time M.R. for North/South 24 Parganas. Remuneration negotiable. Contact: 62911-85427/82768-94487.

□

**At Dalhousie, MNC required** Serious Male/Female (Age 30-60) as Supervisor. High Package. Call for Target free Office Job-86177- 43065.

□

**স্বামী-স্ত্রীর সংসারে রান্না এবং ঘরের** কাজের জন্য মাঝবয়সী মহিলা দরকার। যোগাযোগের সময় সকাল ১০ টা থেকে রাত ১০.৩০টা। মোবাইল নং- 98362- 86706.

□

**আপনি কি অবসরপ্রাপ্ত, বয়স: 40+,** যোগ্যতা: HS+ দিনে কিছু সময়ের জন্য ঘরে/অফিসে বসে কাজ করে পর্যাপ্ত আয় করিতে চান সঙ্গে বিদেশ ভ্রমণ। অরূপ: 84209-84967.

□

**সিকিউরিটি কোম্পানিতে প্রচুর** সিকিউরিটি গার্ড চাই পুরুষ/মহিলা জোকা থেকে সাইন্স সিটি, রাজারহাট। বেতন-১১,৫০০/-। M-98300- 93188, 83369-93933, 92300- 28485.

□

**ব্যাঙ্গালোরে ছোট পরিবারের জন্য** সর্বক্ষণের কাজের মহিলা প্রয়োজন। আধার বাধ্যতামূলক, 2 বছরের কাজ করার জন্য প্রস্তুত। বেতন+থাকা ও খাওয়া। 080500-20030.

□

**Book.com এ বাড়ি বসে হাতে লিখে/** Comp টাইপ/ফর্ম ফিলাপ করে সপ্তাহে 6000-মাসে 30000 আয় (আসা যাওয়ার প্রয়োজন নেই)। 85840- 78118/89100-49312.

□

**আপনি কি Retired? ঘরে বসে** আছেন? কলিকাতার মধ্যে বিখ্যাত Company-তে পার্টটাইম কাজ করে অফুরন্ত রোজগার করুন বয়স 50-64, H.S+, মানসি-87770-58651.

□

### কর্মখালি

**ভালো রোজগারের নিশ্চিত সুযোগ-সহ** নামী Company-তে Managerial পদে নিয়োগ। Retd/VRS/গৃহবধূ/ব্যবসায়ী অগ্রগণ্য। বয়স 30-65, HS+ Call- 98367-29432.

□

**অবসরপ্রাপ্তদের সম্মানের সাথে** পুনর্নিয়োগ করুন স্বনামধন্য Co-তে অফিস জবে Retd/VRS from Govt/ Pvt Flexible Timing Salary+PF+ ESI. Amal-98316-74368.

□

**Finorchem Limited requires** highly talented BSc. (Chemistry) freshers for its Chemical Synthesis laboratory at Vadodara (Guj). Interested candidates may apply at corporate@finorchem.com within 15 days.

□

**পুজোর স্পেশাল ভ্যাকান্সি**

D গ্রুপে বিনা ডোনেশানে ব্যাঙ্ক DSA-তে ও এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন: 21,300/- – 48,400/-, PF, ESI, OT-সহ থাকা-খাওয়া, Ex-Army স্বাগত। M: 94776- 23974.

□

**প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**

**L.c No.- K1B49E87** পঃ বাংলার 23টি জেলায় প্রাঃ ব্যাঙ্কে DSA-তে Back Office-সহ যোগ্যতানুযায়ী, অন্যান্য পদে ও বিভিন্ন বেতনে 113 জন M/F-কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary 17,700/- – 25,500/-, MP- স্নাতক, ছুটি, বোনাস, ESI, PF, Insurance, অন্যান্য সুবিধা। Help: 76026-40505.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৪ সেপ্টেম্বরের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১০ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।

### কর্মখালি

**সরাসরি কর্মী নিয়োগ**

প্রতিটি জেলায় Pvt Co-তে ফুড প্যাকিং, ডেলিভেরি, শপিংমলে, ATM গার্ড, S.V, ইনচার্জ চাই। বেতন (13K-22K) Mob- 89619-21562.

□

**URGENT JOINING**

বিনা ডোনেশানে Airport ও ব্যাঙ্ক-এ অষ্টম-স্নাতক M/F নিয়োগ। বেতন: 18,200/- – 47,600/-, PF, ESI, OT, বোনাস-সহ থাকা খাওয়া ফ্রী। Try IT- যোগাযোগ: 89024-75357.

□

**কর্মী চাই**

সেবামূলক প্রতিষ্ঠানের জন্য ড্রাইভার, রান্নাঘরের কর্মী, বাগানের কাজ, বরোয়ান, চাষের কাজ, আবাসিক ওয়ার্ডেন পদে কর্মী চাই। যোগাযোগ: রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, বারাকপুর, পিন- 700120.

□

**পুজোর আগে**

**DIRECT JOINING**

**Govt. Regd. No.-5468 বিনা** ডোনেশানে Airport কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাঙ্ক DSA-তে বিভিন্ন জেলায় 173 জন অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন: 22,300/- – 48,700/-, থাকা-খাওয়া যাতায়াত ফ্রী, Ex-আর্মীর ছাড়। M: 94345-66797.

### স্কুল-কলেজ শিক্ষা

**ANM নার্সিং ট্রেনিং (2 Yrs)**
**ল্যাব টেকনিশিয়ান ট্রেনিং 1/2 Yr)**

**Internship** করে বিভিন্ন নামীদামী নার্সিংহোম/ হসপিটাল এবং ল্যাবে কাজ করার বিশেষ সুযোগ। Approved by BSS & NSDC, Govt. of India, Global Technical Institute, বেলেঘাটা, ফুলবাগান 92315-51285, 92301-13485.


**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


## পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে

# স্টাফ নার্স

১৮ জন স্টাফ নার্স নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স। নিয়োগ করা হবে সাব-ইনস্পেক্টর পদে, গ্রুপ 'বি' ক্যাটেগরিতে। এখন অস্থায়ী ভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

**শূন্যপদের বিবরণ:** মোট শূন্যপদ ১৮টি (সাধারণ ১১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। নার্স ও মিডওয়াইফ হিসেবে স্টেট বা সেন্ট্রাল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৫-৯-২০২২ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাই, স্কিল টেস্টের মাধ্যমে। সবশেষে থাকবে মেডিক্যাল এক্সামিনেশন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment. itbpolice.nic.in দরখাস্ত করা যাবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পূর্ব রেলে খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ২১ জন খেলোয়াড় নিয়োগ করবে পূর্ব রেল। ক্যাটেগরি-ওয়ান এবং ক্যাটেগরি-টু বিভাগে নিয়োগ করা হবে এই সমস্ত ক্রীড়াক্ষেত্র থেকে: বক্সিং, ক্রিকেট, জিমন্যাস্টিক্স, হকি, টেবল টেনিস, ওয়েটলিফটিং। পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: RRC/ER/SportsQuota (Open Advertisement) 2022-2023.

ক্যাটেগরি ও ক্রীড়াক্ষেত্র অনুসারে **শূন্যপদের বিবরণ: ক্যাটেগরি-ওয়ান:** ৫টি (ক্রিকেট-মহিলা ১, ক্রিকেট-পুরুষ ২, ভলিবল-মহিলা ১, ভলিবল-পুরুষ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। **খেলাধুলার যোগ্যতা:** সিনিয়র ক্যাটেগরিতে অলিম্পিক্স গেমসে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা জুনিয়র বা ইয়ুথ বা সিনিয়র ক্যাটেগরির বিশ্বকাপে বা জুনিয়র বা সিনিয়র ক্যাটেগরির ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে বা সিনিয়র ক্যাটেগরির এশিয়ান গেমসে বা সিনিয়র ক্যাটেগরির কমনওয়েলথ গেমসে বা ইয়ুথ অলিম্পিক্সে প্রার্থীকে তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৪০০ থেকে ২,৮০০ টাকা।

**ক্যাটেগরি-টু:** ১৬টি (বক্সিং-পুরুষ ২, ক্রিকেট-মহিলা ২, ক্রিকেট-পুরুষ ২, জিমন্যাস্টিক্স-পুরুষ ২, হকি-পুরুষ ২, টেবল টেনিস-পুরুষ ১, ভলিবল-মহিলা ২, ভলিবল-পুরুষ ২, ওয়েটলিফটিং-মহিলা ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল। **খেলাধুলার যোগ্যতা:** জুনিয়র বা ইয়ুথ বা সিনিয়র ক্যাটেগরির বিশ্বকাপে বা জুনিয়র বা সিনিয়র ক্যাটেগরির ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে বা সিনিয়র ক্যাটেগরির এশিয়ান গেমসে বা সিনিয়র ক্যাটেগরির কমনওয়েলথ গেমসে বা ইয়ুথ অলিম্পিক্সে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা জুনিয়র বা সিনিয়র ক্যাটেগরির কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপে বা এশিয়ান চ্যাম্পিয়নশিপ বা এশিয়া কাপে বা সিনিয়র ক্যাটেগরির স্যাফ গেমসে বা সিনিয়র ক্যাটেগরির ইউ এস আই সি (ওয়ার্ল্ড রেলওয়ে) চ্যাম্পিয়নশিপে বা ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসে প্রার্থীকে তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা ন্যাশনাল গেমস বা অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে তৃতীয় স্থান অথবা সিনিয়র ক্যাটেগরির ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে প্রথম স্থান অধিকার করে থাকতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ থেকে ২,০০০ টাকা।

**বয়স:** ১-১-২০২৩ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcer.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ সেপ্টেম্বর।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


পুনেতে অবস্থিত একটি নামী হাইড্রলিক ও নিউম্যাটিক সিলিন্ডার তৈরি কোম্পানিতে

★10th ও 12th Pass প্রার্থী আবশ্যক।
আগ্রহী প্রার্থীরা সত্বর যোগাযোগ করুন।
★শূন্যপদ 10টি
★থাকার ব্যবস্থা– ফ্রি

ঠিকানা: M/S NEULOGIC
GAT NO. 961, VILLAGE-NIGHOJE, TAL-KHED, MIDC CHAKAN, District: PUNE-410501 MAHARASHTRA, India.
Contact: 9371009195 (10 A.M.-5 P.M.)


## এয়ার ইন্ডিয়ায়
# মহিলা কেবিন ক্রু

*প্রথম পাতার পর*

থাকলে আবেদনের যোগ্য। ইংরেজি ও হিন্দিতে কথা বলায় স্বচ্ছন্দ হতে হবে।

বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। কেবিন ক্রু-র কাজে অভিজ্ঞরা ৩২ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। উচ্চতা হতে হবে অন্তত ১৫৫ সেন্টিমিটার। বডি মাস ইনডেক্স থাকতে হবে ১৮ থেকে ২২-এর মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে ৬/৬।

ওয়াক-ইন-ইন্টারভিউ ২ সেপ্টেম্বর। ইন্টারভিউ চলবে সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ১২টা পর্যন্ত। ওয়েস্টার্ন ফর্ম্যাল পোশাকে ইন্টারভিউয়ে অংশগ্রহণ করবেন। সঙ্গে রাখবেন, বায়োডেটা, জন্মতারিখের সার্টিফিকেট এবং প্রযোজ্য অন্যান্য সার্টিফিকেট (যেমন স্পোর্টস সার্টিফিকেট) এবং সেগুলির জেরক্স কপি। অভিজ্ঞ প্রার্থীরা এস ই পি কার্ড ও তার প্রতিলিপি সঙ্গে রাখবেন।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: দি পিকাডিলি লখনউ, কানপুর রোড, সেক্টর-বি, বারগাওয়ান, এল ডি এ কলোনি, লখনউ। তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.airindia/careers


বিজ্ঞাপন

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

স্বল্প ব্যয়ে সরকারি যোজনায়
স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিক্সিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য: (১) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (২) বেসিক হেল্থ কেয়ার, (৩) ই.সি.জি টেকনিশিয়ান, (৪) ফিজিক্যাল রিহ্যাবিলিটেশন with Yoga, (৫) মেডিক্যাল ইকুইপমেন্ট টেকনিশিয়ান with Xray, (৬) ANM নার্সিং কোর্স (৭) জেনারেল ডিউটি অ্যাসিসটেন্ট (GDA)।

আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন

কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর : 9073943491/9073943497, মৌলালী : 9874747039/9830008223, বাঘাযতীন: 9874644112, হাওড়া: 9051013504, ব্যারাকপুর: 9874644116, বনগাঁও : 9874673000, কোন্নগর: 7603095066, দুর্গাপুর: 9874747031, রায়গঞ্জ: 9874644113, পশ্চিম মেদিনীপুর: 9073915861, মালদা : 9051013501, বালুরঘাট: 9874747032, শিলিগুড়ি: 9051013502, জলপাইগুড়ি: 9874644115, কোচবিহার: 9874644114। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে। Asst. Nursing/GDA কোর্সের আবেদনপত্র পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানার জন্য এখুনি ফোন করুন।

Advt


# মাশরুম চাষের সরকার স্বীকৃত প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** স্বাস্থ্যকর খাবার হিসেবে মাশরুমের চাহিদা রয়েছে বাজারে। মাশরুম চাষের ৬ মাসের প্রশিক্ষণ কোর্সে ভর্তি নিচ্ছে কোলাঘাটের বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দির। এটি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট কর্তৃক স্বীকৃত প্রশিক্ষণ কোর্স। অন্তত ক্লাস এইট পাশ হলে ভর্তির জন্য আবেদন করা যাবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। ৬ মাসের কোর্স ফি ৩৫০ টাকা।

প্রশিক্ষক মনোরঞ্জন বৈরাগী জানান, স্বল্প পুঁজিতে অল্প জায়গায় মাশরুমের চাষ করা যায়। ড্রায়েড বা শুকনো মাশরুমের ভালো চাহিদা রয়েছে ভিন রাজ্যে। চাইলে বড় আকারে ব্যবসার সুযোগ রয়েছে। তিনি জানিয়েছেন, এই প্রশিক্ষণ কোর্সে বিভিন্ন প্রজাতির মাশরুম চাষের পদ্ধতি শেখানোর পাশাপাশি ব্যবসার খুঁটিনাটিও শেখানো হয়। প্রশিক্ষণ শেষেও ব্যবসার ব্যাপারে প্রশিক্ষিতদের সহায়তা করা হয়ে থাকে।

ভর্তির জন্য দরকার হবে, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের জেরক্স কপি, আধার কার্ড ও ২ কপি পাসপোর্ট মাপের ফটো। যোগাযোগের ঠিকানা: বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দির, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৩২৮-৭০৮২২।


GVK EMRI বিগত চার বছরেরও বেশী সময় ধরে সম্ভাব্য মা ও এক বছর বয়সি শিশুদের সেবায় নিয়োজিত। এটি একটি নিঃশুল্ক সেবা

GVK EMRI

102 অ্যাম্বুলেন্সের জন্য DRIVER এবং ATTENDANT প্রয়োজন

ড্রাইভার : প্রতি বৃহস্পতিবার ইন্টারভিউ
■ শূন্যপদ : 200
যোগ্যতা : ❖ 10 pass / মাধ্যমিক
❖ LMV License [ন্যূনতম তিন বছর পুরানো]
❖ বয়স : 21 - 35 ❖ ইংরাজি ও বাংলা লিখতে ও পড়তে জানতে হবে।

অ্যাটেনডেন্ট : প্রতি বুধবার ইন্টারভিউ
■ শূন্যপদ : 200
যোগ্যতা : ❖ মাধ্যমিক ন্যূনতম উচ্চ মাধ্যমিক বায়োলজি সহ।
❖ বয়স : 18 -35
❖ ইংরাজি ও বাংলা লিখতে ও পড়তে জানতে হবে।

বিস্তারিত জানবার জন্য ফোন করুন :
033-66335252 (09.30 am to 06.00 pm)
অথবা সমস্ত নথিপত্র নিয়ে নীচের ঠিকানায় সরাসরি চলে আসুন (আমাদের কোন জেলা অফিস নেই) :

GVK Emergency Management & Research Institute
DEC India Building, Plot No. AH/5, Premise No. MAR/16-111, Rear Wing, Action Area 1, New Town, Rajarhat, Kol-156, Near IOCL Petrol Pump / Web : www.emri.in

এই চাকরির জন্য কাউকে কোন টাকা দেবেন না বা অন্য কোন বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হবেন না।




# কারেন্ট অ্যাফেয়ার্স

৫ অগস্ট-১০ অগস্ট

**৫ অগস্ট** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করে বাংলার জন্য বকেয়া বিপুল অঙ্কের টাকা মেটানোর দাবি তুললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নয়াদিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনে এই বৈঠক হয়। মুখ্যমন্ত্রীর দাবি, এই মুহূর্তে কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যের পাওনা ১ লক্ষ ৯৬৮ কোটি টাকারও বেশি। বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকের কাছে দ্রুত এই টাকা বাংলাকে দেওয়ার আবেদনও জানিয়েছেন মুখ্যমন্ত্রী। এমন একটা সময়ে প্রধানমন্ত্রী-মুখ্যমন্ত্রী বৈঠক হয়েছে যখন গোটা রাজ্য এসএসসি দুর্নীতির অভিযোগে উত্তাল। এই বৈঠকের পিছনে রাজনৈতিক আঁতাত আছে বলে বিরোধী রাজনৈতিক মহল থেকে প্রশ্নও তোলা হয়েছে। সেই আবহে মুখ্যমন্ত্রী বার্তা দিয়েছেন, যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামো মেনেই তিনি প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন।

## বিহারে ক্ষমতায় নীতীশ-তেজস্বী



**৯ অগস্ট:** ২০১৭ সালের পর আবার বিহারে ক্ষমতায় এল নীতীশ-তেজস্বী জুটি। বিজেপির হাত ছেড়ে আরজেডি, কংগ্রেস, বাম-সহ ৭টি দলের মহাজোটকে সঙ্গে নিয়ে মুখ্যমন্ত্রীর আসনে ফিরলেন নীতীশ কুমার। ১৭ বছরের মধ্যে এই নিয়ে অষ্টম বার মুখ্যমন্ত্রী পদে শপথ নিলেন তিনি। আর উপ মুখ্যমন্ত্রী পদে দ্বিতীয়বার শপথ নিলেন লালুপ্রসাদ যাদবের পুত্র তেজস্বী যাদব। ভোটের ফল ঘোষণা হওয়ার আগেই রাজ্যপালের কাছে পদত্যাগপত্র জমা দিয়ে নীতীশ সাংবাদিকদের বলেন, 'দলীয় বৈঠকে সর্বসম্মত ভাবে স্থির হয়েছে, আমরা এনডিএ ছাড়ব। তাই এনডিএ জোটের মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দিলাম। বিহার বিধানসভার ২৪৩টি আসনের মধ্যে ১২২টি আসন পেলে সংখ্যাগরিষ্ঠতা প্রাপ্ত হয়। সেখানে জেডিইউ-এর সঙ্গে থাকা অ-বিজেপি দলগুলির সম্মিলিত আসন ১৬৪। আরজেডি সবচেয়ে বেশি ৭৯ আসন পেয়েছে। জেডিইউ ৪৫, কংগ্রেস ১৯ এবং বাম দলগুলি ১৬টি আসন পেয়েছে।

**৬ অগস্ট** কলকাতায় ভারতীয় জাদুঘরের সামনে সিআইএসএফের এক নিরাপত্তাকর্মীর গুলিতে নিহত হলেন তাঁরই সতীর্থ এএসআই রঞ্জিত ষড়ঙ্গী (৫৮)। গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত অবস্থায় এসএসকেএম হাসপাতালের ট্রমা কেয়ার ইউনিটে ভর্তি করা হয়েছে সিআইএসএফের এক অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট সুবীর ঘোষকে (৫৯)। এদিন সন্ধেয় ঘটনাটি ঘটে। হামলাকারী সিআইএসএফের-ই হেড কনস্টেবল ৪৩ বছর বয়সি অক্ষয় কুমার মিস্ত্রি। এক সহকর্মীর এ কে ৪৭ রাইফেল ছিনিয়ে নিয়ে তিনি অন্তত ১৫ রাউন্ড গুলি চালান। প্রায় দেড়ঘণ্টার চেষ্টায় কলকাতা পুলিশের কম্যান্ডো বাহিনী হামলাকারী হেড কনস্টেবলকে আত্মসমর্পণ করতে বাধ্য করে। পুলিশ সূত্রের খবর, জিজ্ঞাসাবাদের পরে ঘাতক কনস্টেবল জানিয়েছেন অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট তার উপর মানসিক অত্যাচার চালাতেন। সে কারণেই মাথা ঠান্ডা রাখতে পারেননি তিনি।

**দেশের নতুন উপরাষ্ট্রপতি নির্বাচিত** হলেন জগদীপ ধনখড়। বাংলার সদ্যপ্রাক্তন রাজ্যপাল ধনখড় হারালেন বিরোধী জোটের মনোনীত প্রার্থী মার্গারেট আলভাকে। উপরাষ্ট্রপতি হওয়ার জন্য ধনখড়ের প্রয়োজন ছিল ৩৭১টি ভোট। ধনখড় পেয়েছেন ৫২৮টি ভোট, মোট ভোটের ৭০ শতাংশ। লোকসভার ৫৪৩ এবং রাজ্যসভার ২৪৫ সাংসদের ভোট দেওয়ার কথা। এই মুহূর্তে রাজ্যসভায় ৮টি আসন খালি রয়েছে। ভোটদানে বিরত থেকেছেন তৃণমূলের ৩৪ জন সাংসদ। ফলে ৭২৫ জন সাংসদ ভোট প্রক্রিয়ায় অংশ নিয়েছেন। মার্গারেট আলভা পেয়েছেন ২০০টি ভোট। ধনখড়ের জয়ের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সঙ্গে দেখা করে শুভেচ্ছা জানান।

## সিএসআইআর-এর প্রথম মহিলা প্রধান হলেন কলাইসেলভি



**৭ অগস্ট:** দেশের প্রবীণ বিজ্ঞানী তামিলনাড়ুর নাল্লাথাম্বি কলাইসেলভি দেশের শীর্ষ বিজ্ঞান গবেষণা প্রতিষ্ঠান তথা কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ (সিএসআইআর)-এর প্রথম মহিলা প্রধান হিসেবে নিযুক্ত হলেন। দেশের বিভিন্ন প্রান্তে অবস্থিত ৩৮টি গবেষণা প্রতিষ্ঠান রয়েছে সিএসআইআর-এর তত্ত্বাবধানে। গত এপ্রিলে সংস্থার ডিরেক্টর জেনারেল পদ থেকে অবসর নেন বিজ্ঞানী শেখর মান্ডে। এতদিন অতিরিক্ত দায়িত্ব হিসেবে তা সামলাচ্ছিলেন কেন্দ্রের জৈবপ্রযুক্তি বিভাগের সচিব রাজেশ গোখলে। আগামী দু'বছরের জন্য এবার পাকাপাকি ভাবে দায়িত্ব দেওয়া হল কলাইসেলভিকে।

**৭ অগস্ট** বিশ্ব দাবা সংস্থা 'ফিডে'-র ভাইস প্রেসিডেন্ট পদে নির্বাচিত হলেন দাবায় পাঁচবারের বিশ্বজয়ী বিশ্বনাথন আনন্দ। ফিডের প্রেসিডেন্ট পদে দ্বিতীয়বারের জন্য নির্বাচিত হলেন আর্কাদি ভোরোকোভিচ। প্রতিপক্ষ আন্দ্রি ব্যারিশপোলেটকে ১৫৭-১৬ ভোটে হারালেন তিনি। চেন্নাইয়ের মমল্লাপুরমে দাবা অলিম্পিয়াড চলার মাঝেই ফিডের নির্বাচন অনুষ্ঠিত হয়।



"গুজরাট দাঙ্গার দোষীদের ধরে রাখতে না পারাটা ন্যায়ের নামে প্রহসন। ভারতে ধর্মীয় সংখ্যালঘুদের নির্যাতন করে পার পেয়ে যাওয়ার যে রেওয়াজ তৈরি হয়েছে, এটা তারই অংশ।"

**স্টিফেন শ্নেক**, *কমিশনার, ইউএস কমিশন ফর ইন্টারন্যাশনাল রিলিজিয়াস ফ্রিডম*

২০০২-এর গুজরাট দাঙ্গায় বিলকিস বানোর ধর্ষকদের যাবজ্জীবন কারাদণ্ড থেকে মুক্তি দেওয়া প্রসঙ্গে

রাজ্য সরকার লোধা, শবরদের জন্য আলাদা উন্নয়ন পর্ষদ গঠন করল। নতুন পর্ষদের চেয়ারম্যানের দায়িত্ব পেলেন বলাইচন্দ্র নায়েক। খেরিয়া শবর গোষ্ঠীর প্রথম স্নাতকোত্তর রমিতা শবরকে বোর্ডের সদস্য করা হয়েছে। সম্প্রতি পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রামের প্রশাসনিক বৈঠকে এই বোর্ড গঠনের কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বোর্ডের প্রধান কাজ হল— লোধা, শবরদের শিল্প-সংস্কৃতি-ইতিহাস সংরক্ষণ এবং এই গোষ্ঠীর মানুষদের মধ্যে শিক্ষার বিস্তার ঘটানো ইত্যাদি। কাজের সুযোগ বাড়াবার লক্ষ্যে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর মধ্যে কারিগরি শিক্ষার হার বৃদ্ধি করার দিকে নজর দেওয়া হবে বলে জানা গিয়েছে।

**৮ অগস্ট** গাজা ভূখণ্ডে কয়েকদিন ধরে চলা সংঘর্ষের পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠক ডাকল রাষ্ট্রপুঞ্জ। ইজরায়েল এবং গাজার জিহাদি গোষ্ঠীর মধ্যে লাগাতার সংঘর্ষে ইতিমধ্যেই ৫১ জনের প্রাণহানি হয়েছে। রাষ্ট্রপুঞ্জে ইজরায়েলের রাষ্ট্রদূত গিলাদ এরদানের দাবি, এই সংঘর্ষের সম্পূর্ণ দায় জিহাদি গোষ্ঠীর। তাঁর অভিযোগ, জিহাদিরা নিরীহ প্যালেস্তিনীয়দের মানব ঢাল হিসেবে ব্যবহার করে ইজরায়েলিদের উপর হামলা চালিয়ে দ্বিগুণ যুদ্ধাপরাধ করেছে।

**৯ অগস্ট** সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের বিচারে আবারও দেশের বর্ষসেরা ফুটবলার হলেন সুনীল ছেত্রী। মেয়েদের বর্ষসেরা মনীষা কল্যাণ। ২০০৭ সালে প্রথমবার বর্ষসেরা হয়েছিলেন সুনীল। ১৫ বছরের মধ্যে আরও ৬ বার তিনি এই পুরস্কার পেয়েছেন। এর আগে আই এম বিজয়ন তিনবার, বাইচুং ভুটিয়া ও জো পল আনচেরি দু'বার করে সেরা হয়েছিলেন।

আইসিসি এলিট প্যানেলের প্রাক্তন আম্পায়ার রুডি কোয়ের্ৎজেন (৭৩) দক্ষিণ আফ্রিকার কেপটাউনে এক গাড়ি দুর্ঘটনায় প্রয়াত হলেন। আম্পায়ার রুডি এলিট প্যানেলে ছিলেন ২০০২ থেকে আট বছর। ৩৩১টি আন্তর্জাতিক ম্যাচে আম্পায়ারিং করেন। ২০১০ সালে অবসর নেওয়ার সময় পর্যন্ত যা ছিল রেকর্ড। আলিম দার ও স্টিভ বাকনর ছাড়া একমাত্র রুডিই ১০০টি টেস্টে আম্পায়ারিং করেছেন।

## 'আজাদিস্যাট' কক্ষে স্থাপনে ব্যর্থ ইসরো



**৭ অগস্ট:** স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষে তৈরি হওয়া 'আজাদিস্যাট' উপগ্রহটি কক্ষে স্থাপন করতে ব্যর্থ হল ইসরো। স্কুলের পড়ুয়াদের মহাকাশ সম্পর্কে ধারণা তৈরির লক্ষ্যে 'স্পেস কিডজ ইন্ডিয়া' সংস্থা ৭৫০ জন স্কুল ছাত্রীদের নিয়ে এই আজাদিস্যাট উপগ্রহটি তৈরি করেছিল। উপগ্রহ নিয়ে যাত্রা করে ইসরোর ১২০ টনের স্মল স্যাটেলাইট লঞ্চ ভেহিকেল বা এসএসএলভি। কিন্তু দিনের শেষে মিশন কার্যত ব্যর্থ বলে মেনে নেয় ইসরো।

**১০ অগস্ট** এসএসসি-র নিয়োগ দুর্নীতি মামলায় স্কুল সার্ভিস কমিশনের প্রাক্তন উপদেষ্টা শান্তিপ্রসাদ সিনহা ও প্রাক্তন সচিব অশোক সাহাকে গ্রেপ্তার করল সিবিআই। স্কুলে শূন্যপদে কর্মী নিয়োগের জন্য মেধা তালিকার মেয়াদ শেষ হওয়ার পরেও নিয়োগের তদারকির জন্য তৎকালীন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় যে পাঁচ সদস্যের কমিটি গড়েছিলেন, এই দু'জন সেই কমিটির তরফে বেআইনি নিয়োগ করেছেন বলে অভিযোগ করেছে সিবিআই। এসএসসি-র নিয়োগ-দুর্নীতি মামলায় বেআইনি লেনদেনের অভিযোগে এর আগে ইডি-র হাতে গ্রেপ্তার হয়েছেন রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় ও তাঁর ঘনিষ্ঠ অর্পিতা মুখোপাধ্যায়।

## কমনওয়েলথ গেমস ২০২২

### কমনওয়েলথে সোনা জয় বজরং, সাক্ষী ও দীপকের



**৫ অগস্ট:** একদিনে বার্মিংহামে কমনওয়েলথ গেমসে তিনটি সোনা জিতলেন ভারতের বজরং পুনিয়া, সাক্ষী মালিক ও দীপক পুনিয়া। রুপো পেলেন আনসু মালিক। টোকিও অলিম্পিক্সের ব্রোঞ্জজয়ী বজরং কমনওয়েলথে নজির গড়লেন। পরপর তিন গেমসে তিনি পদক পেলেন। এদিন ৬৫ কেজি বিভাগে ফাইনালে বজরং হারালেন কানাডার লাচলান ম্যাকনেইলকে। রিও অলিম্পিক্সের ব্রোঞ্জজয়ী সাক্ষী মালিক ৬২ কেজির ফাইনালে হারালেন কানাডার অ্যানা গাডিনিসকে। ৮৬ কেজি বিভাগে দীপক পুনিয়া সোনা পেলেন পাকিস্তানের মুহম্মদ ইনামকে হারিয়ে। উল্লেখযোগ্য বিষয় হল এদিন ভারতের হয়ে সোনার হ্যাটট্রিক যারা করলেন তারা সকলেই হরিয়ানার।

### কমনওয়েলথে আরও তিন স্বর্ণপদক ভারতের



*বাঁদিক থেকে: বিনেশ ফোগত, রবি দাহিয়া ও নবীন শিহাগ*

**৬ অগস্ট:** গ্লাসগো এবং গোল্ড কোস্ট কমনওয়েলথ গেমস-এর পর এদিন বার্মিংহামে সোনা জিতে নিলেন ভারতীয় কুস্তির অন্যতম স্টার বিনেশ ফোগত। শ্রীলঙ্কার চামোদিয়া কেসানিকে প্রথম রাউন্ডেই হারিয়ে সোনা জিতে নিলেন তিনি। সেইসঙ্গে নজিরও গড়লেন তিনি। টানা তিনটি গেমসে তিনটি সোনা ভারতের আর কোনও ক্রীড়াবিদের নেই। এদিন বিনেশ ছাড়াও নিজের নিজের বিভাগে কুস্তিতে সোনা জিতেছেন রবি দাহিয়া ও নবীন শিহাগ।

### কমনওয়েলথে বক্সিংয়েও সোনার হ্যাটট্রিক ভারতের



*বাঁদিক থেকে: নীতু ঘাঙ্ঘস, নিখাত জারিন ও অমিত পাঙ্ঘাল*

**৭ অগস্ট:** বার্মিংহামে বক্সিংয়েও সোনার হ্যাটট্রিক করল ভারত। মেয়েদের ৪৮ কেজি বিভাগে এদিন সোনা জেতেন নীতু ঘাঙ্ঘস। তিনি হারালেন ইংল্যান্ডের ডেমি জাডে রেসজাস্তেনকে। মেয়েদের ৫১ কেজি বিভাগে অন্ধ্রপ্রদেশের নিখাত জারিন সোনা জিতলেন নর্দার্ন আয়ারল্যান্ডের কার্লি ম্যাকনাউলকে হারিয়ে। অন্যদিকে ছেলেদের ৫২ কেজি বিভাগের ফাইনালে অমিত পাঙ্ঘাল ইংল্যান্ডের কিয়েরন ম্যাকডোনাল্ডকে হারিয়ে সোনা জিতেছেন। এদিনের পরে বার্মিংহামে সোনা জয়ের হ্যাটট্রিকের হ্যাটট্রিক করে ফেললেন ভারতীয় ক্রীড়াবিদরা। পরপর তিন দিন একই খেলা থেকে একই দিনে তিনটে করে সোনা পেল ভারত।

### বার্মিংহামে শেষ দিনেও সোনা সিন্ধু, লক্ষ্য ও শরথের



**৮ অগস্ট:** কমনওয়েলথ গেমসে ব্যাডমিন্টনে কানাডার মিচেল লি-কে ফাইনালে ২১-১৫, ২১-১৩ হারিয়ে সোনা জিতলেন পি ভি সিন্ধু। তাঁর জয়ের কিছুক্ষণ পরেই ছেলেদের সিঙ্গলসে মালয়েশিয়ার এনজি তে ইয়াং-কে ১৯-২১, ২১-৯, ২১-১৬ ফলাফলে হারিয়ে সোনা পেলেন লক্ষ্য সেন। এদিন সিন্ধু ও লক্ষ্যের পর ছেলেদের ডাবলসে চ্যাম্পিয়ন হয়ে ব্যাডমিন্টনে সোনার পদকের হ্যাটট্রিকের কাজটি সম্পূর্ণ করলেন সাত্ত্বিক সাইরাজ ও চিরাগ শেঠির জুটি। তাঁরা ইংল্যান্ডের বেন লেন ও সিন মেন্ডিকে হারালেন। অন্যদিকে, টেবিল টেনিসের সিঙ্গলসে শরথ কমল সোনা জিতেছেন ইংল্যান্ডের লিয়াম পিচফোর্ড-কে ১১-১৩, ১১-৭, ১১-২ ১১-৬, ১১-৮ ব্যবধানে হারিয়ে। এদিনই ছিল বার্মিংহাম কমনওয়েলথ গেমসের শেষ দিন। ভারত ২২ সোনা, ১৬ রুপো ও ২৩টি ব্রোঞ্জ সহ ৬১ পদক জিতে চতুর্থ স্থান পেল। প্রথম তিন স্থান পেয়েছে অস্ট্রেলিয়া, ইংল্যান্ড ও কানাডা।

# ডিরোজিও কলেজে বি ভোক ও ডিপ্লোমা কোর্সে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতার ডিরোজিও মেমোরিয়াল কলেজে পড়ানো হচ্ছে তিনটি বি ভোক এবং দু'টি স্বল্পমেয়াদের ডিপ্লোমা কোর্স। বি ভোক কোর্সগুলি হল: ব্রডকাস্ট জার্নালিজম, পাবলিক রিলেশনস এবং প্রিন্টিং টেকনোলজি অ্যান্ড বুক পাবলিশিং। স্বল্পমেয়াদি ডিপ্লোমা কোর্সদু'টি হল: ফটোগ্রাফি অ্যান্ড ভিডিওগ্রাফি এবং ওয়েব ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট।

তিন বছরের বি ভোক কোর্সের পাঠ্যক্রম ৬ মাসের ৬টি সেমিস্টারে বিভক্ত। অন্য দিকে, ডিপ্লোমা কোর্স দু'টির মেয়াদ ১ বছর।

উল্লেখ্য, দেশ জুড়ে ন্যাশনাল স্কিল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্কের মাপকাঠি অনুসরণ করে চালু হয়েছে বি ভোক ডিগ্রি প্রোগ্রামের পাঠ্যক্রম। যে-কোনও শাখায় বা ভোকেশনাল কোর্সে উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ ছাত্রছাত্রীরা বি ভোক কোর্সে ভর্তি হতে পারেন। বয়সের কোনও বিধিনিষেধ নেই। পশ্চিমবঙ্গে যেসব প্রতিষ্ঠানে বি ভোক পড়ানো শুরু হয়েছে, সেগুলির মধ্যে অন্যতম পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ডিরোজিও মেমোরিয়াল কলেজ। এই কলেজে ডিপ্লোমা কোর্সদু'টি কমিউনিটি কলেজ স্কিমের অধীনে পড়ানো হয়। সব কোর্সেই এখনও ভর্তির আবেদন করা যাচ্ছে।

## বি ভোক ডিগ্রি কোর্স

### ব্রডকাস্ট জার্নালিজম

সাংবাদিকতার ধারণা ও পাঠ দেওয়া হয় এই কোর্সে। হাতে-কলমে শেখানো হয় ক্যামেরা হ্যান্ডলিং, ডিজিটাল এডিটিং, পোস্ট প্রোডাকশন, সাউন্ড এডিটিং, স্পেশাল এফেক্টস ইত্যাদি।

### পাবলিক রিলেশনস

এই কোর্সে শেখানো হয় মিডিয়া রাইটিং, রিপোর্টিং, এডিটিং, কনটেন্ট রাইটিং, বিজ্ঞাপনের কপি রাইটিং, ইভেন্ট মার্কেটিং, ইভেন্ট ম্যানেজমেন্ট, ইভেন্ট প্ল্যানিং, ক্রাইসিস কমিউনিকেশন, মিডিয়া ইকনমিক্স, জনসংযোগ, অ্যাড ক্যাম্পেন, কর্পোরেট জনসংযোগ ইত্যাদি।

### প্রিন্টিং টেকনোলজি ও বুক পাবলিশিং

এই কোর্সে শেখানো হয় গ্রাফিক্স কমিউনিকেশন, বুক প্রিন্টিং ও প্রোডাকশন পদ্ধতি, মার্কেটিং, এডিটিং, প্রুফ চেকিং, কালার রিপ্রোডাকশন, আর্টিস্টিক ম্যানেজমেন্ট, ডিজিটাল প্রি-প্রেস, টাইপোগ্রাফি, কভার ডিজাইনিং, বিভিন্ন প্রিন্টিং পদ্ধতি ইত্যাদি।

## ডিপ্লোমা কোর্স

### ফটোগ্রাফি অ্যান্ড ভিডিওগ্রাফি

এই কোর্সে মূলত শেখানো হয় ওয়েডিং ফটোগ্রাফি, ওয়েডিং ভিডিওগ্রাফি, প্রোডাক্ট ফটোগ্রাফি, স্টিল ফটোগ্রাফি, মিউজিক ভিডিও তৈরি, ভিডিও ডকুমেন্টারি, ডকু-ফিচার, পোর্টফোলিও তৈরি ইত্যাদি। বিভিন্ন ধরনের লাইট সেট-আপ, ফটোশুটের ব্যাকগ্রাউন্ড, ক্রোমা স্টুডিও, বিভিন্ন ধরনের ডি এস এল আর ক্যামেরা, ভিডিও ক্যামেরা, স্টুডিও ক্যামেরা, ফিশ আই লেন্সের ক্যামেরা, ড্রোন ক্যামেরা এবং স্টুডিও ফ্লোর সহ যাবতীয় পরিকাঠামো কলেজেই রয়েছে হাতে-কলমে প্রশিক্ষণের জন্য। এছাড়াও রয়েছে বিভিন্ন ফটোগ্রাফি ওয়ার্কশপে নিখরচায় অংশগ্রহণের সুযোগ।

### ওয়েব ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট

নেটওয়ার্ক টেকনোলজি, ওয়েব পেজ ডিজাইনের বেসিকস, সিকিওরিটি প্রোগ্রামিং, ওয়েব ডিজাইনিং ও সফটওয়্যার ডেভেলপমেন্ট, কোডিং প্র্যাকটিস প্রভৃতি বিষয় এই কোর্সের অন্তর্ভুক্ত।

### শিক্ষাগত যোগ্যতা

যে-কোনও বিষয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণরা ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সগুলিতে ভর্তির জন্য আবেদন করতে পারেন। বয়সের কোনও বিধিনিষেধ নেই। আবেদনের ভিত্তিতে প্রার্থীর প্রয়োজন যাচাই করে স্কলারশিপের সুযোগ রয়েছে।

### কীভাবে ভর্তি

ভর্তির জন্য অনলাইনে আবেদন করা যাবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: http://dmcadmission.co.in

প্রতিটি কোর্সেই মোট আসনসংখ্যা ৫০টি। সপ্তাহে দুই থেকে তিন দিন ক্লাস হয়। কোর্স শেষে ক্যাম্পাসিং, ইন্টার্নশিপ ও প্লেসমেন্টের সুযোগ রয়েছে।

### পঠনপাঠনের খরচ

বি ভোক কোর্সে পঠনপাঠনের মোট খরচ ৬,৫২০ টাকা। এর মধ্যে ভর্তির সময় দিতে হবে ৪,৭২০ টাকা। ডিপ্লোমা কোর্সে মোট খরচ ১০,০০০ টাকা। ভর্তির সময় দিতে হবে ৫,০৫০ টাকা। উভয় ক্ষেত্রেই কোর্স ফি-র বাকি টাকা কিস্তিতে শোধ করার সুযোগ আছে। এছাড়া উভয় ক্ষেত্রেই আবেদনের সময় বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রেশন ফি ও ফর্ম ফিল-আপ ফি বাবদ ৮০০ টাকা দিতে হবে।

কোর্স সম্পর্কে বিশদে জানতে ও ভর্তি সংক্রান্ত বিষয়ে তথ্য জানতে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৩০৫-৫১৭৭৪, ৭৯৮০০-৮৮৭১৪ (ছুটির দিন বাদে যে-কোনও কাজের দিন সকাল ১১ টা থেকে বিকেল ৫ টার মধ্যে)। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.dmc.ac.in

Susham HEALTH EXPERT

Rice Bran Oil

Wanted a experienced Marketing Expert for edible oil sale

Send your biodata with expected salary.

email id: susham.happl@gmail.com




Hooghly Agro Products (P) Ltd.

সর্বভারতীয় সরকারি চাকরির ট্রেনিং যেসব প্রতিষ্ঠান দিচ্ছে তাদেরকে পেছনে ফেলে RICE-এর ছাত্রছাত্রীরা শীর্ষস্থান অধিকার করল



গত দু'মাসে সফল RICE-এর বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর সাফল্য প্রমাণ করল উপযুক্ত প্রশিক্ষণ ও স্বচ্ছ পদ্ধতির মধ্যে দিয়ে আজও সরকারি চাকরি পাওয়া যায়

প্রফেসর (ডক্টর) সমিত রায়, ফাউন্ডার চেয়ারম্যান, রাইস গ্রুপ

যাঁর নেতৃত্বে দীর্ঘ ৩৭ বছর ধরে প্রায় দেড় লক্ষের বেশি ছাত্রছাত্রী কেন্দ্রীয় ও রাজ্য সরকারের চাকরি পাওয়ার ক্ষেত্রে সফল হয়েছে।

কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছে খুব শীঘ্রই গোটা দেশে সরকারি বিভিন্ন স্তরে প্রায় দশ লক্ষ নতুন কর্মী নিয়োগ করবে। বর্তমান সরকারি চাকরি প্রার্থীদের কাছে এ এক বিরাট সুযোগ। এ সুযোগ কাজে লাগাতেই হবে। হাতছাড়া করলে চলবে না। তাই আগামী একটা বছর প্রত্যেক চাকরি প্রার্থীদের কাছে খুবই গুরুত্বপূর্ণ। শুধু কেন্দ্রীয় সরকারই নয়, আমাদের রাজ্য সরকারেও দেখতে পাচ্ছি যে প্রচুর সংখ্যক সরকারি শূন্যপদে ঘোষণা হতে চলেছে অথবা হবে বলে তাঁরা আগাম বক্তব্য রাখছেন বা আগাম খবর দেওয়ার চেষ্টা করছেন। এই সুযেগটা নেবার জন্য এখনই রাজ্যের ছেলেমেয়েদের আমরা বলব কম্পিটিটিভ এগজামের প্রস্তুতি শুরু করতে। মনে রাখতে হবে, শুধু স্কুল কলেজের পড়ায় ভালো রেজাল্ট করলেই হবে না, সরকারি চাকরির প্রস্তুতির নিজস্ব একটা পদ্ধতি আছে সেই পদ্ধতিতে যে বেশি নিজেকে সঠিক ভাবে তৈরি করতে পারবে তার সাফল্য তত বেশি দ্রুত হবে। তাই সেই মতো নিজেকে প্রস্তুত করে তুলতে হবে। খেয়াল রাখতে হবে গ্র্যাজুয়েশন, মাস্টার ডিগ্রি বা জেনারেল লাইনের পড়াশোনায় যত ভালোই ফল করা যাক না কেন, তার চেয়েও অনেক বেশি দরকার সরকারি চাকরির সঠিক প্রশিক্ষণ নেওয়া। বিশেষ করে সরকারি চাকরির ক্ষেত্রে।

আমার দীর্ঘ ৩৭ বছরের অভিজ্ঞতায় দেখেছি আগে ছেলেমেয়েরা গ্র্যাজুয়েশন, মাস্টার ডিগ্রি করার পর কম্পিটিটিভ পরীক্ষায় প্রস্তুতি নিতে আসত। এখন চিত্রটা পাল্টে গেছে। এখন উচ্চমাধ্যমিকের পরই ছেলেমেয়েরা স্থায়ী নিরাপত্তার কারণে সরকারি চাকরির দিকে বেশি করে ঝুঁকছে ও প্রস্তুতি শুরু করে দিচ্ছে।

এটাই সঠিক সিদ্ধান্ত। আমি প্রথম থেকেই বলে এসেছি সরকারি চাকরির পদক্ষেপ উচ্চমাধ্যমিকের পর থেকেই নেওয়া প্রয়োজন। কারণ তা হলে সরকারি চাকরিতে সফল হলে অনেক দিন চাকরি করা ও তার সুযোগ সুবিধা পাওয়া সম্ভব।

নিজস্ব মেথডোলজিতে RICE-এর অনলাইন ও অফলাইন কোর্সের বিভিন্ন মৌলিক সুবিধা

- সবচেয়ে অভিজ্ঞ প্রশিক্ষক
- উন্নত স্টাডি মেটেরিয়াল
- গ্রুপ ডিসকাশন
- মক টেস্ট
- দৈনিক, সাপ্তাহিক, মাসিক ও সেমেস্টার পরীক্ষা
- ইন্টারভিউ, প্রেজেন্টেশন পার্সোনালিটি টেস্টের স্পেশাল গ্রুমিং
- লাইব্রেরি

WBCS, PSC MISC, PSC Clerkship, WB Forest Service, WB Constable, Excise Constable, LDC, PSC IDO, SSC CGL, IBPS PO, IBPS Clerk,IBPS RRB, Banking ইত্যাদি গুরুত্বপূর্ণ পরীক্ষাগুলিতে বছরের পর বছর ধরে RICE নিজের সাফল্যের ঐতিহ্য বজায় রেখেছে।

RICE-এর প্রতিটি শাখাতেই ছাত্রছাত্রীদের জন্য মেসের সুবন্দোবস্ত আছে।

সাফল্যের তালিকায় নিজের নাম দেখতে হলে যোগাযোগ করুন আজই 62921 90230 | ricesmart.in

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 17959 / 84799 02091 | বেহালা 84799 17961 | সোনারপুর 84799 17962
হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576 | মালদা 84799 17953 | বহরমপুর 84799 17952
বর্ধমান 84799 00575 | আসানসোল 84799 00577 | দুর্গাপুর 84799 00578 | খড়গপুর 84799 17955 | মেদিনীপুর | 84799 17954 | তমলুক 84799 17957

RICE EDUCATION | ricesmart TOGETHER IN SUCCESS

# আর্মির স্কুলে কয়েক হাজার শিক্ষক-শিক্ষিকা

*প্রথম পাতার পর*

ইন্টিগ্রেটেড ব্যাচেলর্স ডিগ্রি কোর্স পাশ। স্নাতক স্তরে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং সঙ্গে বি এড ডিগ্রি থাকতে হবে। অথবা অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ৩ বছর মেয়াদের ইন্টিগ্রেটেড বি এড বা এম এড কোর্স পাশ। অথবা অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক, সঙ্গে বি এড কোর্স পাশ। এর পাশাপাশি সি-টেট বা টেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইংরেজি মাধ্যমে পড়ানোর দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের ব্যবহার জানা থাকলে অগ্রাধিকার।

সোশ্যাল সায়েন্সের ক্ষেত্রে স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ইতিহাস, ভূগোল, পলিটিক্যাল সায়েন্স ও ইকনমিক্সের মধ্যে যে-কোনও দু'টি বিষয় পড়ে থাকতে হবে। এই দু'টির মধ্যে একটি বিষয় অবশ্যই হতে হবে ইতিহাস অথবা ভূগোল। ম্যাথমেটিক্সের ক্ষেত্রে স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স, কেমিস্ট্রি, ইকনমিক্স, কম্পিউটার সায়েন্স ও স্ট্যাটিস্টিক্সের মধ্যে যে-কোনও ২টি বিষয় পড়ে থাকতে হবে। সায়েন্সের ক্ষেত্রে স্নাতকে অন্যতম বিষয় হিসেবে বটানি, জুলজি, কেমিস্ট্রি এবং ফিজিক্সের মধ্যে যে-কোনও দু'টি বিষয় পড়ে থাকতে হবে।

কম্পিউটারের ক্ষেত্রে বি সি এ বা কম্পিউটার সায়েন্সে স্নাতক বা কম্পিউটার সায়েন্স বা আই টি-তে বি ই বা বি টেক। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ডোয়েক এ লেভেল কোর্স পাশ।

**প্রাইমারি টিচার ও ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্যাল এডুকেশন):** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ স্নাতক। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্যাল এডুকেশন পড়ে থাকতে হবে। জাতীয় বা রাজ্য বা আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরের স্বীকৃত ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকলে স্নাতক স্তরে ৪৫ শতাংশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। এন সি টি ই রেগুলেশনস, ২০০৭ অনুসারে যে-কোনও বিষয়ে স্নাতকরা স্কুল বা আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরের স্বীকৃত ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকলে বা এন সি সি 'সি' সার্টিফিকেট থাকলেও আবেদনের যোগ্য। অথবা, মোট অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ ফিজিক্যাল এডুকেশনে স্নাতক অথবা অন্যতম বিষয় হিসেবে ফিজিক্যাল এডুকেশন নিয়ে স্নাতক। অথবা ৩ বছর মেয়াদের বি পি এড কোর্স পাশ। অথবা স্নাতক, সঙ্গে আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী। সেইসঙ্গে এন সি সি 'সি' সার্টিফিকেট বা অ্যাডভেঞ্চার স্পোর্টসের বেসিক কোর্স পাশ করে থাকতে হবে। স্নাতক, সঙ্গে স্পোর্টস সায়েন্স বা স্পোর্টস ম্যানেজমেন্ট বা স্পোর্টস কোচিং বা যোগ বা অলিম্পিক এডুকেশন বা স্পোর্টস জার্নালিজম বিষয়ে অন্তত ১ বছরের প্রশিক্ষণ। সব ক্ষেত্রেই অন্তত ১ বছর মেয়াদের বি পি এড কোর্স পাশ করে থাকতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার (পি জি টি):** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে ইন্টিগ্রেটেড এম এ বা এম এসসি কোর্স পাশ। অথবা অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ৩ বছর মেয়াদের বি এড বা এম এড কোর্স পাশ। অথবা অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে বি এড কোর্স পাশ।

হিন্দির ক্ষেত্রে স্নাতকে অন্যতম বিষয় হিসবে হিন্দি বা সংস্কৃত পড়ে থাকতে হবে। ইকনমিক্সের ক্ষেত্রে স্নাতকে অ্যাপ্লায়েড ইকনমিক্স বা বিজনেস ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ম্যাথমেটিক্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্সের স্নাতকোত্তর ডিগ্রিধারী, ফিজিক্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ফিজিক্স বা নিউক্লিয়ার ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স, কেমিস্ট্রির ক্ষেত্রে বায়োকেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। বায়োলজির ক্ষেত্রে জুলজি বা বটানি বা লাইফ সায়েন্স বা বায়োসায়েন্স বা জেনেটিক্স বা মাইক্রো বায়োলজি বা বায়োটেকনোলজিতে স্নাতকোত্তর (স্নাতক স্তরে বটানি বা জুলজি পড়ে থাকতে হবে) ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য।

কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা যে-কোনও শাখায় বি ই বা বি টেক, সঙ্গে কম্পিউটারে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা কম্পিউটার সায়েন্সে এম এসসি অথবা এম সি এ। অথবা কম্পিউটারে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, সঙ্গে যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। কম্পিউটার সায়েন্সে বি এসসি বা বি সি এ পাশ, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। অথবা ডোয়েক 'বি' লেভেল কোর্স পাশ করে থাকতে হবে। এর পাশাপাশি হিন্দি ও ইংরেজিতে পড়ানোর দক্ষতা থাকতে হবে।

ইনফর্মেটিক্স প্র্যাকটিসের ক্ষেত্রে অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক। এম সি এ অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে এম এসসি ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। অথবা কম্পিউটার সায়েন্সে বি এসসি বা বি সি এ বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা আই টিতে ৩ বছরের ডিপ্লোমা বা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পাশ, সঙ্গে ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্সে এম এসসি কোর্স পাশ। ডোয়েক 'বি' লেভেল কোর্স পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

সব ক্ষেত্রেই কম্পিউটার অ্যাপ্লিকেশন জানলে অগ্রাধিকার।

ফিজিক্যাল এডুকেশনের ক্ষেত্রে এন সি টি ই রেগুলেশন, ২০০৯ অনুসারে অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি পি এড বা বি পি ই বা হেলথ অ্যান্ড ফিজিক্যাল এডুকেশনে বি এসসি, সঙ্গে স্পোর্টসে ডিগ্রি কোর্স পাশ। অথবা এন সি টি ই রেগুলেশন, ২০০৭ অনুসারে অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি পি এড বা ৪ বছরের ইন্টিগ্রেটেড বি পি এড কোর্স পাশ। অথবা এন সি টি ই রেগুলেশন, ২০০২ অনুসারে অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি পি এড বা ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছর মেয়াদের বি পি ই কোর্স পাশ। সব ক্ষেত্রেই উপরোক্ত যোগ্যতার পাশাপাশি অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ এম পি এড কোর্স পাশ।

**বয়স:** ১-৪-২০২৩ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৫৭ বছরের মধ্যে হতে হবে। তাঁদের ক্ষেত্রে গত ১০ বছরের মধ্যে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

অনলাইন পরীক্ষার সম্ভাব্য তারিখ ৫ ও ৬ নভেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা, দুর্গাপুর ও শিলিগুড়ি। প্রাইমারি টিচার পদের পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন আসবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স (জাতীয় ও আন্তর্জাতিক), সায়েন্স, সোশ্যাল স্টাডিজ, ম্যাথমেটিক্স, ইংলিশ, হিন্দি, গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ঘটনাবলি এবং এডুকেশন-সংক্রান্ত বিষয়ে। ট্রেন্ড গ্র্যাজুয়েট এবং ট্রেন্ড পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে কারেন্ট অ্যাফেয়ার্স (জাতীয় ও আন্তর্জাতিক), গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ঘটনাবলি, সংশ্লিষ্ট বিষয় এবং এডুকেশন-সংক্রান্ত বিষয়ে। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

পরীক্ষার অ্যাডমিট কার্ড ২০ অক্টোবর থেকে ডাউনলোড করা যাবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.awesindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৫ অক্টোবর পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর ফটো এবং সই, বয়স, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ দিতে হবে ৩৮৫ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ইউ পি আই বা ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.awesindia.com প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: ৬২৬৮০-৩০৯৩৯, ৬২৬৮০-০৩২৬৪, ৬২৬৩১-৭৮৪১৪, ৬২৬৮০-৬২১২৯।

# আর্মিতে উচ্চমাধ্যমিক

*প্রথম পাতার পর*

সহ) থাকলে তা যেন -২.৫ডি এবং হাইপারমেট্রোপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) থাকলে তা যেন +৩.৫ডি-র বেশি না হয়। রং চেনার ক্ষমতা সিপি-থ্রি মানের হতে হবে।

**বয়স:** ১-১-২০২৩ তারিখে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯-এর মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৬-এর মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের (৫ দিন) জন্য। প্রথম বার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেলভাড়া পাওয়া যাবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪৮তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মেয়াদ ৫ বছর। প্রথমে গয়ার অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং, তারপর পুনে বা সেকেন্দ্রাবাদ বা মোহাউ-এ ৩ বছরের প্রি কমিশন ট্রেনিং এবং আরও এক বছরের পোস্ট কমিশন ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২১ সেপ্টেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইন দরখাস্তের প্রক্রিয়া শেষ হওয়ার ৩০ মিনিট পর থেকে প্রার্থীরা প্রিন্ট আউট নিতে পারবেন। দু'কপি প্রিন্ট আউট নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

**ইন্টারভিউয়ে দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে নেবেন:** ✓২০ কপি স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ফটো। ✓বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓জে ই ই (মেনস) রেজাল্টের স্বপ্রত্যয়িত নকল। ✓সচিত্র পরিচয়পত্রের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত মূল সার্টিফিকেটগুলিও সঙ্গে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আর্মিতে ৪২০ ডাক্তার

*প্রথম পাতার পর*

এবং অন্যান্য সুযোগসুবিধা।

ইন্টারভিউ হবে দিল্লি ক্যান্টনমেন্টের আর্মি হসপিটাল (আর অ্যান্ড আর)-এ। ইন্টারভিউয়ের পর মেডিক্যাল এক্সামিনেশন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.amcsscentry.gov.in প্রার্থীর রেজিস্ট্রেশন করা না থাকলে 'নিউ রেজিস্ট্রেশন' করে নেবেন। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি ফর্ম্যাটে ১০০ কেবি সাইজের মধ্যে), বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা জন্ম শংসাপত্র (পি ডি এফ ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং আধার কার্ড আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইন ব্যবস্থায় ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইন দরখাস্ত জমা দেওয়ার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এরপর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি ইন্টারভিউয়ের সময় প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে চাকরি

১৪ জন অফিসার ও সায়েন্টিস্ট নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্র[কে]। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। পদ অনুসারে প্রবেশন। নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১৬/২০২২।

**ভ্যাকেন্সি নম্বর ২২০৮১৬০২২২৭: অ্যাসিস্ট্যান্ট সেন্ট্রাল ইন্টেলিজেন্স অফিসার গ্রেড-ওয়ান (ডকুমেন্টস):** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স বা কেমিস্ট্রি বা ফরেন্সিক সায়েন্সে এম এসসি। সে ক্ষেত্রে স্নাতক স্তরের তিন বছর অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স বা কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**ভ্যাকেন্সি নম্বর ২২০৮১৬০৪২২৭: সায়েন্টিস্ট 'বি' (ফরেন্সিক ইলেক্ট্রনিক্স):** শূন্যপদ ৩টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। অথবা, কম্পিউটার সায়েন্স বা ইলেক্ট্রনিক্স বা ফরেন্সিক সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। সে ক্ষেত্রে স্নাতক স্তরের তিন বছর অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। ফরেন্সিক ইলেক্ট্রনিক্স ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কেন্দ্র বা রাজ্য সরকারের অধীনস্থ কোনও ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**ভ্যাকেন্সি নম্বর ২২০৮১৬০৫২২৭: সায়েন্টিস্ট 'বি' (ফরেন্সিক সাইকোলজি):** শূন্যপদ ৩টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** সাইকোলজি বা ক্রিমিনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা সাইকোলজি বা ক্রিমিনোলজিতে স্পেশ্যালাইজেশন-সহ ফরেন্সিক সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কেন্দ্র বা রাজ্য সরকারের অধীনস্থ কোনও ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**ভ্যাকেন্সি নম্বর ২২০৮১৬০৬৪২৭: রিহ্যাবিলিটেশন অফিসার:** শূন্যপদ ৪টি (সাধারণ ১, ও বি সি ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** সোশ্যাল ওয়ার্ক বা সোশিওলজি বা এডুকেশন বা সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে ডিরেক্টরেট জেনারেল অব এমপ্লয়মেন্টের দপ্তরে।

১৫-৯-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় নগদে ফি জমা দিতে পারেন।

দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর। প্রিন্ট আউটটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

# হাওড়ায় ১৯১ আশাকর্মী

*প্রথম পাতার পর*

নম্বর: DHFWS/HOW/2250/22.

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদন করতে পারেন। তবে সেক্ষেত্রে মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই প্রার্থীর যোগ্যতা বিবেচিত হবে। কোনও স্বনির্ভর গোষ্ঠীর গ্রেড-১ বা গ্রেড-২ সদস্যা বা লিংক ওয়ার্কার হলে বা ধাইয়ের কাজে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

**বয়স:** ১-১-২০২২ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিদের ক্ষেত্রে ২২ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যাবে।

মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in এছাড়াও আবেদনের ফর্ম সরাসরি সংগ্রহ করতে পারেন সংশ্লিষ্ট হেলথ সাব-সেন্টার, গ্রাম পঞ্চায়েত অফিস ও ব্লক প্রাইমারি হেলথ সেন্টার থেকে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর ৩ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। বাকি ফটোগুলি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে জন্ম শংসাপত্র বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার আই ডি কার্ড বা রেশন কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓বিবাহিত মহিলাদের ক্ষেত্রে ম্যারেজ সার্টিফিকেট, বিবাহবিচ্ছিন্নাদের ক্ষেত্রে ডিভোর্স ডিক্রি এবং বিধবাদের ক্ষেত্রে স্বামীর ডেথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓স্বনির্ভর গোষ্ঠীর সদস্যপত্র বা প্রশিক্ষণপ্রাপ্ত ধাই এবং লিংক ওয়ার্কার হিসেবে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ১৪ সেপ্টেম্বর বিকেল ৫টার মধ্যে সরাসরি জমা দিতে হবে সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি ডি ও)-এর অফিসে রাখা ড্রপবক্সে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# শেখার ইচ্ছেই সফল কেরিয়ার তৈরি করে দেবে



**সঞ্জিত সেন**
*ডিরেক্টর, ইউ এক্সেল স্পোর্টস*
*প্রাক্তন চিফ অপারেটিং অফিসার*
*মঞ্জুশ্রী (বিড়লা গ্রুপ)*
*প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট*
*(স্ট্র্যাটেজি ম্যানেজমেন্ট, টাটা গ্রুপ)*



অতিমারির প্রভাব যে এই আধুনিক যুগেও এত ব্যাপক হতে পারে কোনও ইন্ডাস্ট্রিই ভাবতে পারেনি। ফলে খুব দ্রুত ইন্টারভিউয়ের ধরন বদলে গিয়েছে। এখনকার ইন্টারভিউ অনেক বেশি তথ্যভিত্তিক। ইন্টারভিউয়ের আগেই সংস্থার কাছে সিভির 'সফট কপি' এসে যাচ্ছে, প্রার্থী সম্পর্কিত যাবতীয় তথ্য অনলাইনে আপলোড হয়ে যাচ্ছে। সংস্থা যা চাইছে সেই অনুযায়ী প্রার্থীর যোগ্যতার একটা ধারণা ইন্টারভিউয়ার আগেই তৈরি করে নিচ্ছেন। ইন্টারভিউয়ের প্রথম ধাপ অনেক সময়ই ই-মিটিংয়ের মাধ্যমে হচ্ছে। ফলে সামগ্রিক দৈহিক ও ব্যবহারিক অভিব্যক্তির বদলে সবটাই নির্ভর করছে প্রার্থীর মুখভঙ্গির উপর। তাই ডেটা আপলোড করার সময় মনোযোগ দিতে হবে, আর মুখের অভিব্যক্তি যাতে স্মার্ট ও পজিটিভ হয় সেই বিষয়ে সচেতন থাকতে হবে।

ইন্টারভিউয়ার সম্পর্কে আগাম জেনে নেওয়া যদি সম্ভব হয়, আর তাই তাঁর আগ্রহের বিষয় যদি তোমার জানা থাকে, তাহলে ইন্টারভিউয়ের সময় সেই প্রসঙ্গ তুলে তুমিও আলোচনাকে এগিয়ে নিয়ে যেতে পারো বা প্রভাবিত করতে পারো।

## শেখার তাগিদ আর দায়িত্ববোধ থাকা জরুরি

আশা করা হয়, প্রার্থী কাজে যোগ দিয়েই সংস্থার প্রয়োজন অনুযায়ী এগোতে শুরু করবে। তাই ইন্টারভিউয়ের সময় তাকেই বেছে নেওয়া হয়, যার মধ্যে দায়িত্ব নেওয়ার ইচ্ছে আছে। যদি তাগিদ থাকে, তাহলে সাধারণ মেধার ছেলেমেয়েরাও ভালো রেজাল্ট করা প্রার্থীদের পিছনে ফেলে এগিয়ে যেতে পারে। এখনকার পরিবর্তিত দুনিয়াতেও এই পুরনো সত্যটা বদলায়নি। তবে যখন কিছু শিখবে তখন সব বাধা, ইগো সরিয়ে রেখে শিক্ষণীয় বিষয়কে গ্রহণ করতে হবে। এই বিষয়টা নিজের অভিজ্ঞতা থেকে বুঝেছি।

যখন টাটা গ্রুপে ইন্টারভিউ দিতে গিয়েছিলাম সেখানে আমার সহপাঠীও এসেছিল। র‍্যাঙ্ক করা ছাত্র সে। কিন্তু চাকরি হল আমার। পরে জানতে চেয়েছিলাম, সহপাঠীর শিক্ষাগত যোগ্যতা বেশি হওয়া সত্ত্বেও আমাকে কেন বেছে নেওয়া হল। আমার কথায় সেই ইন্টারভিউয়ার হেসে বলেছিলেন, তুমি পুরো সময়টাই সততার সঙ্গে কথা বলেছ, আর সব ব্যাপারেই অসম্ভব পজিটিভ, এমনকী তোমার আগের সংস্থা কেন ছেড়েছ, এর উত্তরেও কোনও নেতিবাচক কথা বলোনি। এই দু'টি গুণ তোমাকে এগিয়ে দিয়েছে।

এই একই ঘটনার পুনরাবৃত্তি আমার জীবনে ঘটে যখন আমিই সেই বিচারকের আসনে। টাটা গ্রুপের জন্য কর্নাটক ইউনিটের 'হেড' খুঁজছিলাম। দু'টি ছেলে আসে একই সংস্থা থেকে। একজন আরেকজনের বস। স্বাভাবিক ভাবেই উচ্চ পদে যে ছিল, তার অভিজ্ঞতা অনেক বেশি। কিন্তু অন্য জন ছিল অসম্ভব সৎ, আর ছিল অসামান্য এনার্জি। শেষের জনকেই বেছে নিয়েছিলাম আমরা। পরে সে তার কর্মজীবনে ধারাবাহিক ভাবে উন্নতি করে গিয়েছে। এনার্জি লেভেল, শেখার উৎসাহ ক্রমাগত তার বেড়েছে।

## পরিস্থিতির বদল নানা ভাবে ঘটে

আমি ছিলাম বিজ্ঞানের ছাত্র। শিক্ষকরা নিশ্চিত ছিলেন আই আই টিতে যাব ইঞ্জিনিয়ারিং পড়তে। একদিন বাবা বললেন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি-টা ভেবে দেখতে পারো। ওখানে কিন্তু এক্সপ্লোর করার সুযোগ অনেক বেশি। এর সাত দিনের মধ্যে হঠাৎই বাবা মারা যান। বাবার কথাগুলো শেষ ইচ্ছের মতো মনে গেঁথে গেল। বি কম পড়া শুরু করলাম। কয়েক বছর পর যখন সি এ পাশ করলাম ভালো ভাবে, বাবার কথাই প্রথম মনে হয়েছিল। আসলে কেরিয়ারের রাস্তা বদলে যাওয়ার অনেক কারণ থাকতে পারে। তাই যা-ই করো, ভালো ভাবে করো। এটুকুই তোমার নিজের হাতে। একটা সময় নিজের ভালোলাগার কাজ নিয়ে চলে আসি স্পোর্টস ইন্ডাস্ট্রিতে। এই সংস্থা ইউরোপীয় সংস্থার সঙ্গে যৌথ ভাবে তৃণমূল স্তর থেকে ছেলেমেয়েদের পেশাদার ক্রীড়াজগতের জন্য তৈরি করে। ভারতের খেলাধুলার পরিস্থিতিতে বদল আনার স্বপ্ন দেখি এখন।

তোমরাও স্বপ্ন দেখা ছেড়ো না, শেখার উৎসাহ আর পজিটিভ এনার্জি কমতে দিও না। তাহলে পরিস্থিতি বদলাতে থাকলেও সাফল্য আসবেই।



## কী পড়বেন, কোথায় পড়বেন

# মহিলাদের সরকারি কারিগরি প্রশিক্ষণ



**নিজস্ব সংবাদদাতা:** মহিলা স্বনির্ভরতার লক্ষ্যে বুটিক অ্যাসিস্ট্যান্ট এবং গার্মেন্টি ম্যানুফ্যাকচারিংয়ের স্বল্প মেয়াদের ভোকেশনাল কোর্সে ভর্তি নিচ্ছে বালিগঞ্জ ট্রেনিং ইনস্টিটিউট। এটি পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। কোর্সটি ওয়েস্ট বেঙ্গল স্টেট অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট (ডব্লু বি এস সি টি ভি ই এস ডি) কর্তৃক স্বীকৃত। শুধুমাত্র মহিলারা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে অন্তত ক্লাস এইট পাশ বা সমতুল।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য যোগাযোগ করুন সংস্থার ঠিকানায়: বালিগঞ্জ ট্রেনিং ইনস্টিটিউট, ২৭০ রাসবিহারী অ্যাভিনিউ, কলকাতা-১৯। ফোন: ৭৪৩৯৩২৫৯৫৯।

# বর্ধমান বিশ্ববিদ্যালয়ে বি এড কোর্স

বি এড কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেল্ফ-ফিনান্সড বি এড কলেজগুলি। কোর্সের মেয়াদ ২ বছর। ক্লাস শুরু হবে অক্টোবরে।

**মেথড বিষয়গুলি হল:** লাইফ সায়েন্স গ্রুপ— জুলজি, বটানি, ফিজিওলজি, নিউট্রিশন, এনভায়রনমেন্টাল সায়েন্স, বায়োটেকনোলজি, মাইক্রোবায়োলজি। ফিজিক্স গ্রুপ— ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, কেমিস্ট্রি, বায়োকেমিস্ট্রি। ম্যাথমেটিক্স গ্রুপ— ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং টেকনোলজি।

**আসনসংখ্যা:** ৫০টি। নিয়মানুসারে ডেপুটেড প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ম্যাথমেটিক্স ও বিজ্ঞানে স্পেশ্যালাইজেশন ও মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় ৪ বা ৩ বছরের বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন।

**বয়স:** ৩০-৬-২০২২ তারিখে ৩৮ বছরের মধ্যে হতে হবে। কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের ছাড় পাবেন।

ফ্রেশার প্রার্থীদের বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং কর্মরত প্রার্থীদের বাছাই করা হবে শিক্ষকতার অভিজ্ঞতা এবং শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ২০ সেপ্টেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.buruniv.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা। আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কফি কোয়ালিটি ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা

কফি কোয়ালিটি ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কফি বোর্ড অব ইন্ডিয়া। কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতক স্তরে বটানি, জুলজি, কেমিস্ট্রি, বায়োটেকনোলজি, বায়োসায়েন্স, ফুড টেকনোলজি, ফুড সায়েন্স, এনভায়রনমেন্টাল সায়েন্সের মধ্যে যে-কোনও একটি বিষয় পড়ে থাকতে হবে। এগ্রিকালচারাল সায়েন্সের স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

**কোর্স ফি:** ২,৫০,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২৫,০০০ টাকা)।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং পার্সোন্যাল ইন্টারভিউ এবং সেন্সরি ইভ্যালুয়েশন টেস্টের মাধ্যমে। ইন্টারভিউ ৩০ সেপ্টেম্বর।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.indiacoffee.org আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন এবং ফটোর ওপর সই করে দেবেন।

আবেদনের ফি বাবদ এন ই এফ টি-র মাধ্যমে দিতে হবে ১,৫০০ টাকা। ফি 'Coffee Board'-এর অনুকূলে এই অ্যাকাউন্ট নম্বরে: ৬৪০১৫০৪৯০২৪, State Bank of India, IFSC-SBIN0040022, Dr.B.R.Ambedkar Veedhi, Bengaluru প্রদেয় হতে হবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓ফি জমা দেওয়ার নথি। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল। ✓স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে স্পনসরশিপ লেটার।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৬ সেপ্টেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Divisional Head, Coffee Quality, Coffee Quality Division, 3rd Floor, Coffee Board, No.1, Dr.B.R.Ambedkar Veedhi, Bengaluru-560 001, India.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৮০) ২২২৬২৮৬৮, ২২২৬৬৯৯১।

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি সায়েন্সের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এবং লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (ডিজিটাল লাইব্রেরি) কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়।

**কোর্সের বিবরণ: ব্যাচেলর ইন লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স:** শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক (অনার্স)। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৮.৭৫ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৫৮.৫ শতাংশ) নম্বর-সহ লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেট কোর্স পাশ। মেডিক্যাল, ল, ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি শাখার স্নাতকরা ও আবেদন করতে পারেন।

**মাস্টার অব লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪৯.২৫ শতাংশ) নম্বর-সহ লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in আবেদনের শেষ তারিখ ৬ সেপ্টেম্বর।

অ্যাডমিশন টেস্টের ফি বাবদ অনলাইনে দিতে হবে ২০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৭ সেপ্টেম্বর।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বেলুড়ের রামকৃষ্ণ শিক্ষণমন্দিরে স্নাতকোত্তর ডিপ্লোমা



যোগা এবং গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বেলুড়ের রামকৃষ্ণ শিক্ষণমন্দির। উভয় কোর্সের মেয়াদ ১ বছর। শুধু পুরুষরা আবেদন করতে পারেন।

**কোর্সের বিবরণ:** পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন যোগা: আসনসংখ্যা: ৭০টি। পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিং: আসনসংখ্যা: ৭০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** উভয় কোর্সের ক্ষেত্রেই স্নাতক।

**বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে।

**কোর্স ফি:** ৯,০০০ টাকা।

দুই বিষয়ের ক্ষেত্রেই ক্লাস হবে সপ্তাহে চারদিন। অনলাইনে মঙ্গল, বৃহস্পতি ও শনিবার সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা এবং অফলাইনে রবিবার সকাল সাড়ে ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rkmsm.org আবেদন গ্রহণ চলছে। আবেদনের শেষ তারিখ ২ সেপ্টেম্বর।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ২৫০ টাকা।

অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং সাবমিট করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৬৫৪-৬০৮১/৯২৮১/১৬৩৫।

# কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়ে আধুনিক সাংবাদিকতার কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** মহিলাদের উচ্চশিক্ষার সুযোগ করে দিতে কৃষ্ণনগরের কন্যাশ্রী বিশ্ববিদ্যালয় বেশ কিছু কর্মসূচি হাতে নিয়েছে। তারই অঙ্গ হিসেবে ১১টি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলা, ইংরেজি, শিক্ষাবিজ্ঞান, ইতিহাস, ভূগোল, সোশ্যাল ওয়ার্ক, পুষ্টিবিজ্ঞান, আইনের পাশাপাশি এই বছর থেকে আরও তিনটি নতুন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি শিক্ষাক্রম চালু হচ্ছে এই বিশ্ববিদ্যালয়ে। এই নতুন তিনটি বিষয় হল গণিত, সংস্কৃত এবং মাস কমিউনিকেশন অ্যান্ড কনভারজেন্ট জার্নালিজম। পশ্চিমবঙ্গে কনভারজেন্ট জার্নালিজম নিয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এই প্রথম। প্রিন্ট বা অডিও ভিস্যুয়াল মাধ্যমের প্রথাগত সাংবাদিকতা ছাড়াও মোবাইল সাংবাদিকতা, ডেটা জার্নালিজম বা মাল্টিমিডিয়া সাংবাদিকতা শেখানো হবে এই কোর্সে।

কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়ে এই স্নাতকোত্তর ডিগ্রি কোর্সগুলিতে অনলাইনে ভর্তির আবেদন করা যাবে ১ সেপ্টেম্বর থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। মাস কমিউনিকেশন অ্যান্ড কনভারজেন্ট জার্নালিজমের স্নাতকোত্তর কোর্সে ভর্তি হতে গেলে যে-কোনও বিষয়ে সাম্মানিক স্নাতক অথবা জার্নালিজম, মাস কমিউনিকেশন ও পাবলিক রিলেশনসে বি ভোক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। প্রথম সেমিস্টারে ভর্তির খরচ ৯,৪০০ টাকা।

কোর্সগুলি সম্পর্কে বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.kanyashreeuniversity.ac.in ফোনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে সন্ধে ৬টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯২৩৩৯-৯১৫২২ ও ৯০৩৮৭-৯৩৭১৮।

# স্কলারশিপের খোঁজখবর

## লেগ্র্যান্ড এম্পাওয়ারিং স্কলারশিপ প্রোগ্রাম ২০২২-২৩

বি ই, বি টেক, বি আর্ক (ব্যাচেলর অব আর্কিটেকচার), বি বি এ, বি কম, বি এসসি (ম্যাথমেটিক্স ও সায়েন্স) ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে লেগ্র্যান্ড ইন্ডিয়া। প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডার মেয়েরাও আবেদনের যোগ্য।

**আবেদনের যোগ্যতা:** ২০২১-২০২২ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মাধ্যমিকেও মোট ৭০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৬০,০০০ টাকা অথবা টিউশন ফিয়ের ৬০ শতাংশ।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/LFLS আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

## রোলস রয়েস উন্নতি স্কলারশিপস ফর উইমেন ইঞ্জিনিয়ারিং স্টুডেন্টস ২০২২

ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় স্নাতক কোর্সে পাঠরত মেধাবী ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রোলস রয়েস ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড। এ আই সি টি ই কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে মেরিন, অ্যারোস্পেস, ইলেক্ট্রনিক্স ও কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং শাখায় পাঠরতরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** ৩৫,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/UNS4 আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

## দ্য টাটা ক্যাপিটাল পঙ্খ স্কলারশিপ প্রোগ্রাম

ষষ্ঠ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি ও স্নাতক কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে টাটা ক্যাপিটাল লিমিটেড। আর্থিকভাবে অনগ্রসর ছেলেমেয়েদের এই স্কলারশিপ দেওয়া হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** টিউশন ফিয়ের ৮০ শতাংশ খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/TCPS14 আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# পূর্ব মেদিনীপুরে কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট

কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট পদে ৩৬ জনকে নেবে পূর্ব মেদিনীপুরের জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। ন্যাশনাল হেলথ মিশনের অধীনে চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CMOH/Pbmd/4988.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: সাধারণ ১৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ৩। শিক্ষাগত যোগ্যতা: এ এন এম অথবা জি এন এম কোর্স পাশ, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স: ১-১-২০২২ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

দরখাস্ত করা যাবে অনলাইন-অফলাইন উভয় ভাবেই। অফলাইনে দরখাস্ত করলে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটি থেকে: www.purbamedinipur.gov.in অথবা www.wbhealth.gov.in

ফি বাবদ ডিমান্ড ড্রাফট বা ব্যাঙ্কার্স চেকের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ টাকা)। ড্রাফটটি "District Health & Family Welfare Samiti, Purba Medinipur District"-এর অনুকূলে পূর্ব মেদিনীপুরে প্রদেয় হতে হবে। এছাড়াও ফি জমা দিতে পারেন অনলাইনে এই অ্যাকাউন্ট নম্বরে: 0186012268866, PNB, Tamluk Branch, IFS Code–PUNB0018620. ফি দিয়ে পাওয়া রসিদ দরখাস্তের সঙ্গে পাঠাতে হবে (অনলাইন আবেদনের ক্ষেত্রে আপলোড করতে হবে)।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓ফি দিয়ে পাওয়া রসিদ।
✓প্রার্থীর এক কপি স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

অনলাইন দরখাস্ত করবেন এই লিংকের মাধ্যমে: https://sites.google.com/view/cmohpurbamedinipur/home অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত (অনলাইন দরখাস্তের ক্ষেত্রে সাবমিট করা দরখাস্তের প্রিন্ট আউট) সরাসরি বা ডাকে ৯ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the CMOH & Secretary, District Health & Family Welfare Samiti, Purba Medinipur, Pin-721636. দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন "Application for the post of ———"

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.purbamedinipur.gov.in অথবা www.wbhealth.gov.in

### পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের

# সেট পরীক্ষা ৮ জানুয়ারি

পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের ‘স্টেট এলিজিবিলিটি টেস্ট’ (সেট) নেওয়া হবে ৮ জানুয়ারি (রবিবার)। এই পরীক্ষায় সফল হলে রাজ্যের কলেজ-বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগ পাওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করা যায়। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন। কমিশন আয়োজিত ইন্টারভিউয়ে যেতে পারবেন এই সেট পরীক্ষায় সফল হলে। এছাড়াও রাজ্যের বিভিন্ন বেসরকারি কলেজ-বিশ্ববিদ্যালয়ও শিক্ষক-শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে এই পরীক্ষার ফল গ্রাহ্য করে।

পরীক্ষা নেওয়া হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে কোড নম্বর): ইংরেজি (০১), বাংলা (০২), সংস্কৃত (০৩), হিন্দি (০৪), উর্দু (০৫), কমার্স (০৬), ইকনমিক্স (০৭), ইতিহাস (০৮), ফিলজফি (০৯), পলিটিক্যাল সায়েন্স (১০), এডুকেশন (১১), কেমিক্যাল সায়েন্সেস (১২), ভূগোল (১৩), লাইফ সায়েন্সেস (১৪), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (১৫), ফিজিক্যাল সায়েন্সেস (১৬), সোশিওলজি (১৭), সাইকোলজি (১৮), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (১৯), ফিজিক্যাল এডুকেশন (২০), ইলেক্ট্রনিক সায়েন্স (২১), কম্পিউটার সায়েন্স (২২), হোম সায়েন্স (২৩), সাঁওতালি (২৪), মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (২৫), অ্যানথ্রপলজি (২৬), আর্থ সায়েন্সেস (২৭), মিউজিক (২৮), ল (২৯), নেপালি (৩০), ম্যানেজমেন্ট (৩১), আরবি (৩২) এবং এনভায়রনমেন্টাল সায়েন্সেস (৩৩)। পরীক্ষার অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: 24/SET.

**শিক্ষাগত যোগ্যতা:** ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার ডিগ্রি। পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১-এর আগে মাস্টার ডিগ্রির পরীক্ষা সম্পূর্ণ করে থাকলে এবং পরীক্ষায় ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করে থাকলেই সেট পরীক্ষায় বসতে পারবেন।

সেট পরীক্ষায় বসার জন্য বয়সের কোনও বিধিনিষেধ নেই। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন।

লিখিত সেট পরীক্ষা দু'টি পেপারের। সব পেপারেই অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম পেপারে থাকবে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন। ৫০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ২। অর্থাৎ ১০০ নম্বরের পেপার। পরীক্ষার সময়সীমা সকাল সাড়ে ১০টা থেকে সাড়ে ১১টা।

দ্বিতীয় পেপারে থাকবে প্রার্থীর বিষয়ের উপর প্রশ্ন। মোট ১০০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর করে মোট ২০০ নম্বরের পেপার। এই পেপারের পরীক্ষা দুপুর ১২টা থেকে দুপুর ২টো পর্যন্ত।

দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীরা প্রথম পর্বের ক্ষেত্রে অতিরিক্ত ২০ মিনিট এবং দ্বিতীয় পর্বের ক্ষেত্রে অতিরিক্ত ৪০ মিনিট সময় পাবেন।

কোয়ালিফাইং নম্বর মোট নম্বরের ৪০ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং রূপান্তরকামীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ)।

সেট পরীক্ষার বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbcsconline.in

এবারের সেট পরীক্ষার কেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে ডিস্ট্রিক্ট কোড): কলকাতা (১১), দক্ষিণ ২৪ পরগনা (১২), উত্তর ২৪ পরগনা (১৩), হাওড়া (১৪), হুগলি (১৫), পূর্ব বর্ধমান (১৬), পশ্চিম বর্ধমান (১৭), বীরভূম (১৮), বাঁকুড়া (১৯), পুরুলিয়া (২০), ঝাড়গ্রাম (২১), পূর্ব মেদিনীপুর (২২), পশ্চিম মেদিনীপুর (২৩), নদিয়া (২৪), মুর্শিদাবাদ (২৫), মালদা (২৬), উত্তর দিনাজপুর (২৭), দক্ষিণ দিনাজপুর (২৮), জলপাইগুড়ি (২৯), আলিপুরদুয়ার (৩০), কোচবিহার (৩১), দার্জিলিং (৩২), কালিম্পং (৩৩) ।

সেট পরীক্ষার জন্য দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbcsconline.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকা চাই। **অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর।** মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ৪ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালির বলপেনে করা সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করে 'submit' করুন। সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

পরীক্ষার ফি ১,২০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৩০০ টাকা, ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৬০০ টাকা)। ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অনলাইনে ফি জমা দিতে পারেন। অতিরিক্ত সার্ভিস চার্জ দিতে হবে।

ফি জমা দেওয়ার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://wbcsc.org.in

# ডি আর ডি ও-য় ১৯০১

## টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ও টেকনিশিয়ান

*প্রথম পাতার পর*

প্রার্থীরাও আবেদন করতে পারেন।

পোস্ট কোড ০১০৪: কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৩৫টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ডিপ্লোমা।

পোস্ট কোড ০১০৫: কেমিস্ট্রি: ৫৮টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি বা কেমিক্যাল সায়েন্সে বি এসসি। ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স বা জুলজি, বটানি, কেমিস্ট্রি অথবা ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি কম্বিনেশন নিয়ে বি এসসি পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

পোস্ট কোড ০১০৬: সিভিল ইঞ্জিনিয়ারিং: ২৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। পোস্ট কোড ০১০৮: ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স: ১৭টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৫, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। পোস্ট কোড ০১০৯: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৬৮টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। পোস্ট কোড ০১১০: ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৩১টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

পোস্ট কোড ০১০৭: কম্পিউটার সায়েন্স: ১৬৭টি (সাধারণ ৭২, তফসিলি জাতি ২৫, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৪১, আর্থিক ভাবে অনগ্রসর ২৪)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা সমতুল বিষয়ে বি এসসি। অথবা কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজিতে ডিপ্লোমা।

পোস্ট কোড ০১১১: ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন: ১৯২টি (সাধারণ ৮৩, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৫২, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্সে বি এসসি অথবা ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড ০১১২: ইনস্ট্রুমেন্টেশন: ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: ইনস্ট্রুমেন্টেশনে বি এসসি অথবা ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড ০১১৩: লাইব্রেরি সায়েন্স: ২৩টি (সাধারণ ১১, তফসিলি জাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক, সঙ্গে লাইব্রেরি সায়েন্সে অন্তত ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ।

পোস্ট কোড ০১১৪: ম্যাথমেটিক্স: ১৩টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্সে বি এসসি। ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স কম্বিনেশন নিয়ে বি এসসি পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

পোস্ট কোড ০১১৫: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ২৯৪টি (সাধারণ ১৩৫, তফসিলি জাতি ৪০, তফসিলি উপজাতি ২১, ও বি সি ৬০, আর্থিক ভাবে অনগ্রসর ৩৮)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা মেকানিক্যাল (প্রোডাকশন/অটোমোবাইল/রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং) ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড ০১১৬: মেটালার্জি: ২১টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড ০১১৭: মেডিক্যাল ল্যাব টেকনোলজি: ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড ০১১৮: ফটোগ্রাফি: ৮টি (সাধারণ ৬, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে বি এসসি ডিগ্রি বা ডিপ্লোমা।

পোস্ট কোড ০১১৯: ফিজিক্স: ৩২টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্সে বি এসসি। ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ বি এসসি পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

পোস্ট কোড ০১২০: প্রিন্টিং টেকনোলজি : ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে বি এসসি ডিগ্রি বা ডিপ্লোমা।

পোস্ট কোড ০১২১: সাইকোলজি: ১১টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

*এরপর ষোলোর পাতায়*




## চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 4):** *Out of four alternative, choose the one which can be substituted for the given words/sentence.*
1. The killing of a whole group of people:
(a) Genocide (b) Germicide (c) Patricide (d) Suicide
2. Specialized in nose diseases:
(a) Otologist (b) Rhinologist (c) Endocrinologist (d) Gerentologist
3. Government by the worst citizens:
(a) Episcopcy (b) Startocracy (c) Kakistocracy (d) Hagiocracy
4. Absolutely necessary cannot ne dispensed with:
(a) Inanimate (b) Indispensable (c) Irrelevant (d) Imperishable
5. Choose the opposite of the following idiomatic expression from the options given.
On no account
(a) with an ill grace (b) in the open (c) by all means (d) by hook or by crook
6. Choose the opposite of the following idiomatic expression from the options given.
In a nutshell
(a) in the open (b) in all its detail (c) to throw in the sponge (d) to put on paper
7. Fill in the blank with correct words to make the idiom meaningful.
He held out an olive branch to his:
(a) Enemy (b) Friend (c) Pet (d) Forefathers
**Direction (8 to 10):** *Fill in the blank with appropriate prepositions.*
8. I have no desire _______ fame.
(a) of (b) for (c) in (d) to
9. A gentleman should be true _____ his words.
(a) from (b) to (c) in (d) on
10. The beautiful lady was compared _____ the moon by the poet.
(a) with (b) to (c) of (d) like
**Direction (11 to 13):** *Choose the correct word from the accompanying list to fill in the blanks.*
11. To regret is to be:
(a) Sad (b) Sorrowful (c) Tragic (d) Sorry
12. To bungle is to:
(a) Confuse (b) Blunder (c) Mistake (d) Erase
13. Deeds are better than:
(a) Actions (b) Appearances (c) Words (d) Hopes
**Direction (14 and 15):** *Fill in the blank with pronouns.*
14. You ____ and _____ can leave at 6 p.m.
(a) he, I (b) him, me (c) his, my (d) himself, myself
15. Husband and wife exchanged vows with ______ other.
(a) one (b) each (c) any (d) None of these
**Direction (16 to 18):** *Use a suitable Auxiliary verb to fill in the blank space.*
16. There is a possibility we ___ go the police.
(a) could (b) will (c) should (d) can
17. It was a place where anything ______ happen.
(a) can (b) could (c) would (d) None of these
18. Anybody ____ join the club.
(a) could (b) can (c) shall (d) will
**Direction (19 and 20):** *Insert appropriate phrasal verbs.*
19. ______ something for future days.
(a) put up with (b) put by (c) put up (d) put off
20. Let us _____ to another subject.
(a) pass by (b) pass away (c) pass through (d) pass on
21. Select the correctly spelt word.
(a) Threashing (b) Thrasheing (c) Threasheing (d) Thrashing
**Direction (22 to 25):** *Select the word similar in meaning to the word given.*
22. Exemption
(a) Immunity (b) Accountability (c) Liability (d) Responsibility
23. Select the word opposite in meaning to the word given.
To Maneuver
(a) To Manipulate (b) To proceed (c) To cease (d) To machinate
24. Select the one which best expresses the same sentence in Indirect/Direct speech.
'What is your name?' She asked him.
(a) She asked him what his name is (b) she asked him what his name has been (c) She asked him what is his name (d) She asked him what his name was
25. Select the which best expresses the same sentence in Passive/ Active voice.
The news has been brought to us by him.
(a) The brought us the news (b) He has brought us the news (c) He was brought the news to us (c) We brought the news to him
26. নিবি, পরিধান ও অভিবাস হল:
(a) আর্যদের বিভিন্ন ধরনের পোশাক (b) আর্য রাজাদের সরকারি আধিকারিক (c) প্রাচীন ভারতের উপজাতি (d) প্রাচীন ভারতের বাদ্যযন্ত্র
27. কম্বোডিয়ার কোন মন্দিরে 'রামায়ণ' ও 'মহাভারতের দৃশ্যাবলী' খোদিত আছে?
(a) বরোবুদ্দান (b) কৈলাসনাথ (c) আঙ্কোরভাট (d) বৃহদেশ্বর
28. যুদ্ধে প্রথম হাতি ব্যবহারকারী রাজ্যের নাম কী?
(a) কোশল (b) মগধ (c) চম্পা (d) অবন্তী
29. নীচের কোনটি বৌদ্ধধর্মীয় গোষ্ঠী নয়?
(a) মহাযান (b) হীনযান (c) দিগম্বর (d) থেরবাদ
30. মহাযান বৌদ্ধধর্মে কোন ভাষায় ধর্মগ্রন্থ রচিত হয়?
(a) পালি (b) প্রাকৃত (c) সংস্কৃত (d) তিব্বতী
31. 'তীর্থযাত্রীদের রাজছত্র' নামটি কার প্রতি আরোপিত হয়েছিল?
(a) ফা-হিয়েন (b) হিউয়েন সাঙ (c) ইৎ সিঙ (d) মেগাস্থিনিস
32. গৌতমবুদ্ধের জীবনে কোন ঘটনা পূর্ণিমা তিথিতে ঘটেনি?
(a) জন্ম (b) মৃত্যু (c) বোধিলাভ (d) গৃহত্যাগ
33. কোন বৌদ্ধ গ্রন্থে, গৌতম বুদ্ধের নিজের বাণী লিপিবদ্ধ করা হয়েছে বলে মনে করা হয়?
(a) সুত্ত (b) বিনয় (c) অভিধম্ম (d) মিলিন্দপঞ্হো
34. বৌদ্ধ ধর্মে 'হীনযান ও মহাযান' বিভক্তি সৃষ্টি করেন:
(a) বসুমিত্র (b) মহাকাশ্যপ (c) গৌতম বুদ্ধ (d) সাতকর্ণী
35. নিচে প্রদত্ত সুলতানি যুগের শাসকদের ক্রমানুসারে সাজান:
(i) ফিরোজ শাহ তুঘলক (ii) নাসিরউদ্দিন মামুদ শাহ (ii) বলবন (iv) গিয়াসউদ্দিন তুঘলক
(a) iii, iv, i, ii, (b) i, ii, iii, iv (c) iv, iii, ii, i (d) iii, i, ii, iv
36. আলাউদ্দিন খলজি কাকে হত্যা করে দিল্লির সিংহাসনে বসেন?
(a) নাসিরউদ্দিন খসরু শাহ (b) জালালউদ্দিন খলজি (c) বলবন (d) মহম্মদ বিন তুঘলক
37. যে রাজশক্তি ত্রিশক্তি সংগ্রামে যুক্ত ছিল না, তা হল:
(a) পাল (b) প্রতিহার (c) রাষ্ট্রকূট (d) চৌল
38. অর্যমঞ্জুশ্রীমূলকল্পে কোন রাজাকে 'শ্রেষ্ঠ ন্যায়সম্পন্ন বিচারক' বলে অভিহিত করা হয়েছে?
(a) সমুদ্রগুপ্ত (b) শ্রীগুপ্ত (c) স্কন্দগুপ্ত (d) বুধগুপ্ত
39. কোন গুপ্ত সম্রাট প্রথম সম্রাট যিনি রৌপ্যমুদ্রার প্রচলন করেন?
(a) কচ (b) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (c) প্রথম কুমার গুপ্ত (d) স্কন্দগুপ্ত
40. মৌর্য রাজসভায় আগত নীচের কোন ব্যক্তি গ্রিক দূত ছিলেন না?
(a) মেগাস্থিনিস (b) ডিওডোরাস (c) ডেউমাকস (d) ডাইওনিসাস
41. নীচের কোন শাসক সেনাপতি হিসাবে জীবন শুরু করেছিলেন?
(a) চন্দ্রগুপ্ত মৌর্য (b) বিন্দুসার (c) বিম্বিসার (d) অশোক
42. ষোড়শ মহাজন পদের বর্ণনা পাওয়া যায়:
(a) অঙ্গুত্তরনিকায় (b) মহাভারতে (c) জাতকে (d) দ্বাদশ অঙ্গে
43. 'দ্য স্টেটস ম্যান' পত্রিকা প্রকাশ করেন:
(a) রবার্ট নাইট (b) দাদাভাই নৌরজি (c) দেবেন্দ্রনাথ ঠাকুর (d) রামমোহন রায়
44. সন্ধ্যা পত্রিকা কে প্রকাশ করেন?
(a) অরবিন্দ ঘোষ (b) পুলিনবিহারী দাস (c) আনন্দমোহন বসু (d) ব্রহ্মবান্ধব উপাধ্যায়
45. স্তম্ভ মেলান:

| List-I | List-II |
|---|---|
| A. হর্যঙ্ক বংশ | 1. পুরুসতি |
| B. শিশুনাগ বংশ | 2. ধননন্দ |
| C. নন্দ বংশ | 3. কালাশোক |
| D. গান্ধার | 4. অজাতশত্রু |

(a) A-1, B-2, C-3, D-4 (b) A-3, B-4, C-2, D-1 (c) A-4, B-3, C-2, D-1 (d) A-2, B-1, C-3, D-4
46. যে জৈন সাধকের সঙ্গে চন্দ্রগুপ্ত মৌর্য দক্ষিণ ভারতে গিয়েছিলেন:
(a) অশ্বঘোষ (b) ভদ্রবাহু (c) বসুমিত্র (d) উপগুপ্ত
47. বিনয় পিটকের রচয়িতা হলেন:
(a) আনন্দ (b) উপালি (c) সাবাকামী (d) বসুবন্ধু
48. চতুর্যামের আদর্শ প্রচার করেন:
(a) ঋষভনাথ (b) পার্শ্বনাথ (c) মহাবীর (d) গৌতমবুদ্ধ
49. নীচের কোন রাজার রাজত্বকালে ভারতে জৈন ধর্মের প্রসার ঘটে?
(a) হর্ষবর্ধন (b) বিক্রমাদিত্য (c) সমুদ্রগুপ্ত (d) চন্দ্রগুপ্ত মৌর্য
50. প্রথম বৌদ্ধ সংগীতিতে সুত্তপিটক গ্রন্থটি কোন বৌদ্ধ শিষ্য লিপিবদ্ধ করেন?
(a) উপালি (b) আনন্দ (c) সাবাকামী (d) কালাশোক
51. ভারতের মধ্যে প্রাচীনতম ট্রেড ইউনিয়ন সংস্থা কোনটি?
(a) আই এন টি ইউ সি (b) সি আই টি ইউ (c) এ আই টি ইউ সি (d) বি এস এস
52. নীচের হরপ্পা প্রত্নস্থলগুলির মধ্যে কোনটি গুজরাটে অবস্থিত নয়?
(a) সুরকোটাডা (b) লোথাল (c) ধোলাভিরা (d) বানওয়ালি
53. নাসিক লিপি কার?
(a) গুপ্তসম্রাট সমুদ্রগুপ্তের (b) মহামতি অশোকের (c) চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর (d) সাতবাহনরাজ সাতকর্ণীর
54. গঞ্জাম লিপি কার সঙ্গে সম্পর্কিত?
(a) দেবপাল (b) শশাঙ্ক (c) লক্ষ্মণ সেন (d) হর্ষবর্ধন

এরপর এগারোর পাতায়

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'চিরস্থায়ী বন্দোবস্ত' কে প্রবর্তন করেন?
(a) লর্ড কর্নওয়ালিশ (b) ওয়ারেন হেস্টিংস (c) জন শোর (d) লর্ড বেন্টিঙ্ক
2. জি-8 এবং জি-20 শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
(a) ওয়াশিংটন, মার্কিন যুক্তরাষ্ট্র (b) প্যারিস, ফ্রান্স (c) টরেন্টো, কানাডা (d) বার্লিন, জার্মানি
3. প্রথম বিশ্ব ক্লাসিকাল তামিল সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
(a) চেন্নাই (b) তিরুচেরাপল্লি (c) কোয়েম্বাটুর (d) মহাবলীপুরম
4. মানুষের আবিষ্কৃত প্রথম ধাতুটি হল:
(a) লোহা (b) অ্যালুমিনিয়াম (c) দস্তা (d) তামা
5. 'বিফোর মেমরি ফেডস— অ্যান অটোবায়োগ্রাফি' কার লেখা?
(a) প্রেমশংকর ঝা (b) নারিমান (c) অর্চনা উপাধ্যায় (d) বিক্রম শেঠ
6. লাদাক অঞ্চলে কোন হিমালীয় শহরে মেঘ ফেটে আকস্মিক বন্যা ও বৃষ্টি হয়?
(a) শ্রীনগর (b) টিসকি (c) মানালি (d) লে
7. লওরা চিনচিলা কোন রাষ্ট্রের প্রথম মহিলা রাষ্ট্রপতি হন?
(a) ব্রাজিল (b) চিলি (c) আর্জেন্টিনা (d) কস্টারিকা
8. কোন ভারতীয় সর্বপ্রথম ব্রিটিশ পার্লামেন্টের সদস্য মনোনীত হয়েছিলেন?
(a) জে এল নেহরু (b) দাদাভাই নৌরজি (c) এম কে গান্ধী (d) কেউই নন
9. পঞ্চায়েতগুলি:
(a) কেবল কর ধার্য করতে পারে (b) কোনও কর ধার্য করতে পারে না (c) কেবল সরকারি অনুদান পায় (d) কর, শুল্ক তোলা এবং ফী ধার্য এবং আদায় করতে পারে
10. পরিকল্পনা কমিশন একটি:
(a) রাজনৈতিক প্রতিষ্ঠান (b) সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান (c) অরাজনৈতিক প্রতিষ্ঠান (d) আধা-রাজনৈতিক প্রতিষ্ঠান
11. ভারতের স্বাধীনতা প্রাপ্তির সময় ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি কে ছিলেন?
(a) জে এল নেহরু (b) সর্দার প্যাটেল (c) জে বি কৃপালিনি (d) আবুল কালাম আজাদ
12. অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) এম এন যোশী (b) জে এল নেহরু (c) লালা লাজপৎ রায় (d) মুজাফফর আহমেদ
13. কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়ে সবুজ বিপ্লব সূচিত হয়েছিল?
(a) তৃতীয় (b) চতুর্থ (c) পঞ্চম (d) ষষ্ঠ
14. বুদ্ধ কোথায় তাঁর বাণী প্রথম প্রচার করেছিলেন?
(a) কুশিনগর (b) বুদ্ধগয়া (c) কাশী (d) সারনাথ
15. এলাহাবাদ প্রশস্তি কে রচনা করেছিলেন?
(a) অশ্বঘোষ (b) নাগার্জুন (c) হরিষেণ (d) বসুমিত্র
16. 'পথের দাবি'-র লেখক কে ছিলেন?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (c) সতীনাথ ভাদুড়ি (d) তারাশংকর বন্দ্যোপাধ্যায়
17. ভারতীয় সংবিধানের 24তম ধারায় কোনও কারখানায় শিশুদের নিয়োগ নিষিদ্ধ যদি তাদের বয়স হয়:
(a) 14 বছরের কম (b) 12 বছরের কম (c) 7 বছরের কম (d) 15 বছরের কম
18. দশম পরিকল্পনা অর্থবরাদ্দ কোন ক্ষেত্রকে সবচেয়ে বেশি উৎসাহিত করেছিল?
(a) কৃষি (b) শক্তি (c) সামাজিক পরি-ষেবা (d) যোগাযোগ ব্যবস্থা
19. আলেকজান্ডার কতদিন ভারতে ছিলেন?
(a) 16 মাস (b) 19 মাস (c) 20 মাস (d) 24 দিন
20. ভি কে মূর্তিকে কোন পুরস্কার প্রদান করা হয়?
(a) যমুনালাল বাজাজ পুরস্কার (b) রামন ম্যাগসেসে পুরস্কার (c) দাদাসাহেব ফালকে পুরস্কার (d) দ্য ইনফোসিস প্রাইজ
21. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম মুসলিম সভাপতি হয়েছিলেন:
(a) মহম্মদ আলি (b) বদরুদ্দিন তায়বজি (c) আবুল কালাম আজাদ (d) কেউই নন
22. 'বাবরনামা'র লেখক ছিলেন:
(a) আবুল ফজল (b) ফিরদৌসি (c) আসিফ (d) বাবর
23. 'লৌহমানব' কাকে বলা হয়?
(a) জে এল নেহরু (b) সর্দার বল্লভভাই প্যাটেল (c) মহাত্মা গান্ধী (d) সুভাষচন্দ্র বসু
24. 'নারী এবং পুরুষ উভয়ের ক্ষেত্রে সমান কাজের জন্য সমান বেতন'— এটি একটি
(a) রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতি (b) শ্রমিক আইনের সংবিধিবদ্ধ ধারা (c) মৌলিক অধিকার (d) কোনওটিই নয়
25. সুন্দরবনের মানুষ জীবিকানির্বাহ করেন মূলত:
(a) বৃষ্টি-নির্ভর এককসলি চাষ করে (b) ভ্রমণার্থীর পরি-ষেবা প্রদান করে (c) মাছ ধরে (d) বাঁধ নির্মাণ করে
26. বিক্রমাদিত্যের নবরত্ন সভায় বিখ্যাত চিকিৎসক ছিলেন:
(a) খনা (b) কালিদাস (c) ধন্বন্তরী (d) বরাহমিহির
27. ঐতিহাসিক এলফিনস্টোন কোন সুলতানকে 'সুলতানি যুগের আকবর' বলেছেন?
(a) গিয়াসুদ্দিন বলবন (b) আলাউদ্দিন খলজি (c) ফিরোজ তুঘলক (d) সিকন্দর লোদি
28. কণিষ্কের রাজসভায় শ্রেষ্ঠ দার্শনিক কে ছিলেন?
(a) চরক (b) অশ্বঘোষ (c) নাগার্জুন (d) কর্ণনক
29. সৌরাষ্ট্রের 'সুদর্শন' হ্রদ কে নির্মাণ করেন?
(a) চন্দ্রগুপ্ত মৌর্য (b) পুষ্পগুপ্ত (c) অশোক (d) সমুদ্রগুপ্ত
30. মোঘল আমলে বাংলায় কোথায় ট্যাকশাল ছিল?
(a) গৌড় (b) ঢাকা (c) মকসুদাবাদ (d) রাজশাহি
31. শ্রীনগর ও জম্মুর মধ্যে সংযোগকারী গিরিপথটির নাম কী?
(a) রোটাং (b) নাথু লা (c) জোজি লা (d) বানিহাল

এরপর এগারোর পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

55. 'হর্ষচরিত' কার রচনা?
(a) হর্ষবর্ধন (b) অশ্বঘোষ (c) বাণভট্ট (d) হরিষেণ
56. 'তাজ-উল-মসির কে রচনা করেন?
(a) পায়েজ (b) ইয়াসিন-বিন-আহম্মদ (c) হাসান নিজামি (d) শামস-ই-সিরাজ
57. 'হুমায়ুননামা' কার রচনা?
(a) হুমায়ুন (b) নিজামুদ্দিন আহম্মদ বখশি (c) গুলবদন বেগম (d) এরা কেউই নন
58. ইবন বতুতা কার সময়ে ভারতে আসেন?
(a) মহম্মদ বিন তুঘলক (b) গিয়াসুদ্দিন তুঘলক (c) জাহাঙ্গীর (d) শাহজাহান
59. মহেঞ্জোদারোতে শীলমোহরের উপর যে দেবতার খোদাই করা মূর্তি পাওয়া গেছে তা কীসের মূর্তি?
(a) বিষ্ণুর আদি মূর্তি (b) ব্রহ্মার মুখ (c) শিবের আদি মূর্তি (d) দেবী মূর্তি
60. রাজস্থানে অবস্থিত হরপ্পা সভ্যতার নিদর্শন কোনটি?
(a) মহেঞ্জোদারো (b) সুকতাজেনদোর (c) কালিবঙ্গান (d) লোথাল
61. কত সালে 'নাট্যাভিনয় নিয়ন্ত্রণ বিল' পাশ হয়?
(a) 1876 (b) 1890 (c) 1892 (d) 1900
62. 'ভার্নাকুলার প্রেস অ্যাক্ট' কত সালে পাশ হয়?
(a) 1876 (b) 1878 (c) 1880 (d) 1890
63. 'ভার্নাকুলার প্রেস অ্যাক্ট' কত সালে প্রত্যাহার হয়?
(a) 1880 (b) 1881 (c) 1883 (d) 1885
64. 'ভারত সভা' কত সালে গঠিত হয়?
(a) 1875 (b) 1876 (c) 1878 (d) 1880
65. 'পুণা সার্বজনিক সভা' কত সালে গঠিত হয়?
(a) 1870 (b) 1872 (c) 1880 (d) 1890
66. কোন দিন প্রথম 'রাখিবন্ধন উৎসব' পালিত হয়েছিল?
(a) 16 অক্টোবর (b) 17 নভেম্বর (c) 25 ডিসেম্বর (d) 26 ডিসেম্বর
67. অ্যান্টি সার্কুলার সোসাইটি কবে প্রতিষ্ঠিত হয়?
(a) 1905 (b) 1907 (c) 1910 (d) 1913
68. 'সঞ্জীবনী' পত্রিকার প্রকাশক কে ছিলেন?
(a) কৃষ্ণকুমার মিত্র (b) শিশির ঘোষ (c) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (d) কেউই নন
69. কোন নরমপন্থী নেতার আমন্ত্রণে গান্ধীজি ভারতে আসেন?
(a) ফিরোজ শাহ মেহতা (b) দাদাভাই নৌরজি (c) গোপালকৃষ্ণ গোখলে (d) বদরুদ্দিন তায়েবজি
70. কোন ঘটনার মাধ্যমে অসহযোগ আন্দোলনের সমাপ্তি ঘটে?
(a) চৌরিচৌরা ঘটনা (b) বোম্বে ঘটনা (c) দিল্লি ঘটনা (d) লাহোর ঘটনা
71. পূর্ণ স্বাধীনতা প্রস্তাব গৃহীত হয় কংগ্রেসের কোন অধিবেশনে?
(a) কলকাতা, 1928 (b) লাহোর, 1929 (c) এলাহাবাদ, 1930 (d) বোম্বে, 1934
72. মুসলিম লিগ 'পাকিস্তান প্রস্তাব' কত সালে গ্রহণ করে?
(a) 1940 (b) 1942 (c) 1947 (d) 1945
73. 'পাকিস্তান' শব্দটির উদ্ভাবক কে?
(a) চৌধুরী রহমত আলি (b) ফজলুল হক (c) সৈয়দ আহমেদ খান (d) ইমরান
74. মুসলিম লিগ প্রত্যক্ষ সংগ্রামের ডাক দেয় কত সালে?
(a) 1946 (b) 1947 (c) 1948 (d) 1950
75. হরিপুরা কংগ্রেসের সভাপতি কে ছিলেন?
(a) জয়প্রকাশ নারায়ণ (b) সুভাষচন্দ্র বসু (c) মহাত্মা গান্ধী (d) নরেন্দ্র দেব
76. ভারতের বিখ্যাত লেগুন হ্রদ হল:
(a) ডাল হ্রদ (b) চিলকা হ্রদ (c) পুলিকট হ্রদ (d) মানস সরোবর
77. পালঘাটের দক্ষিণে, পশ্চিমঘাট কী নামে পরিচিত?
(a) আনাইমালাই পাহাড় (b) পুষ্পগিরি (c) কলসুবাই (d) সালহের
78. কোন অঞ্চলটিকে মরুস্থলী বলা হয়?
(a) মেঘালয় মালভূমি (b) থর মরুভূমি (c) ডেকান ট্র্যাপ (d) কর্নাটক মালভূমি
79.

| উপনদী | প্রধান নদী |
|---|---|
| 1. চম্বল | যমুনা |
| 2. শোন | নর্মদা |
| 3. মানস | ব্রহ্মপুত্র |

কোন জোড়াটি সঠিক?
(a) 1, 2, 3 (b) 1, 3 (c) 2, 3 (d) 3
80. কপিলধারা জলপ্রপাতের অবস্থান:
(a) শোন নদীর ওপর (b) চম্বল নদীর ওপর (c) কৃষ্ণা নদীর ওপর (d) নর্মদা নদীর ওপর
81. কোন রাজ্যে ছয়-আট মাস বর্ষাকাল থাকে?
(a) সিকিম ও কর্নাটক (b) অসম ও কেরল (c) হিমাচল প্রদেশ ও গুজরাট (d) অরুণাচল প্রদেশ
82. কোথায় বৃষ্টি অরণ্য (Rain-Forest) দেখা যায়?
(a) মধ্যভারত (b) পূর্বঘাট (c) উত্তর-পূর্ব হিমালয় এবং পশ্চিমঘাট (d) উত্তর-পশ্চিম হিমালয় এবং পূর্বঘাট
83. নীচের কোন বাঁধটি ভারতের উচ্চতম?
(a) মেত্তুর (b) রিহান্দ (c) তেহরি (d) ভাকরা
84. আগ্রা খাল কোন রাজ্যে অবস্থিত?
(a) উত্তরপ্রদেশ (b) বিহার (c) ওড়িশা (d) মহারাষ্ট্র
85. ভারতের কোথায় মৃত্তিকা গবেষণাগার রয়েছে?
(a) পাটনায় (b) কলকাতায় (c) দেরাদুনে (d) দিল্লিতে
86. মরু মৃত্তিকায় কী জাতীয় ফসল চাষ করা হয়?
(a) মিলেট (b) কার্পাস (c) আখ (d) বাদাম
87. পোর্ট ব্লেয়ার কোন দ্বীপে অবস্থিত?
(a) ছোট আন্দামান-এ (b) বৃহৎ নিকোবর-এ (c) দক্ষিণ আন্দামান-এ (d) উত্তর আন্দামান-এ
88. নীচের কোন শহর/মহানগরটি সর্বাধিক উত্তর অক্ষাংশে অবস্থিত?
(a) পাটনা (b) এলাহাবাদ (c) পাঁচমারি (d) আমেদাবাদ
89. 1953 সালে অন্ধ্র রাজ্য বিভক্ত হওয়ার আগে এই রাজ্যের রাজধানীর নাম কী ছিল?
(a) গুন্টুর (b) কুর্নুল (c) নেল্লোর (d) ওয়ারাঙ্গলে
90. দমন ও দিউ কোন উপসাগর দ্বারা পরস্পরের থেকে বিচ্ছিন্ন হয়েছে?
(a) কচ্ছ উপসাগর (b) পক প্রণালী (c) খাম্বাত উপসাগর (d) মান্নার উপসাগর
91. বক্সা গিরিপথ দিয়ে কোন দেশে যাওয়া যায়?
(a) নেপাল (b) ভুটান (c) সিকিম (d) চিন
92. দক্ষিণবঙ্গের প্রবেশদ্বার বলা হয়:
(a) ক্যানিংকে (b) ফ্রেজারগঞ্জকে (c) গঙ্গাসাগরকে (d) কাকদ্বীপকে
93. বিহারীনাথ শৃঙ্গ কোন পাহাড়ের অন্তর্গত?
